43. The Metropolitan Magistrate, it appears, admitted the accused-opposite-parties to bail on the ground of sickness as contemplated by the proviso to sub-section (1) of section 497 of the Code of Criminal Procedure; but he committed an apparent illegality in relying upon the defence plea while passing the impugned order dated 25.01.2018. The defence plea is that the prodigious amount of Tk. 165 crore was approved by the Board Meeting Nos. 539 and 540 of AB Bank Limited and that being so, there was no laundering of money to Dubai from Bangladesh as claimed by the prosecution. This defence plea ought not to have been gone into while considering the application for bail filed by the accused-opposite-parties. In this regard, it must be kept in mind that while dealing with an application for bail, the Magistrate or the Court concerned will consider the materials furnished by the prosecution only and by considering those materials furnished by the prosecution, the Magistrate or the Court at his or its discretion may grant or refuse bail to the accused. At this juncture, I feel tempted to reiterate that it is a settled proposition of law that the defence plea can only be raised and gone into at the time of trial of the case. This is essentially a matter of evidence and trial. Before conclusion of the trial of the case, the veracity of the defence plea can not be ascertained. At the pre-trial stage, the defence plea can not be taken into account at any rate. But if a Judge or a Metropolitan/Judicial Magistrate does so, that will amount to begging the question. So this exercise is deprecated. The Metropolitan Magistrate, Court No. 25, Dhaka should have been aware of this legal position.

44. Be that as it may, since the release of the accused-opposite-parties on bail, almost one year has already elapsed. Over and above, all the co-accused have been admittedly enjoying the privilege of bail. The investigation of the case is still in progress and it is uncertain as to when the investigation will be completed. What is of paramount importance in this respect is that after the release of the accused-opposite-parties on bail, no allegation has been levelled against them for tampering with evidence or hindering the investigation of the case or misuse of the privilege of bail. So these factors can not be brushed aside at all. Given the panorama,



in spite of the infirmity in the impugned order dated 25.01.2018 as pointed out above, I am inclined to maintain the impugned order of bail.

45. If the Judicial or Metropolitan Magistracy, for the sake of argument, is found to be lacking in authority and power to entertain and dispose of an application for bail of an accused in a case under the Act of 2012 at the pre-trial stage, then how can the Magistracy pass an order for police remand of an accused under section 167 of the Code of Criminal Procedure at that stage? Both Mr. Bashir Ahmed and Mr. Md. Khurshid Alam Khan have signally failed to answer this question. It seems that Mr. Md. Arshadur Rouf has emphatically and rightly brought this question to our notice.

46. Anyway, in view of sub-section (2) of section 1 and sub-section (2) of section 5 of the Code of Criminal Procedure, the procedure spelt out in the Code will be applicable to the matters which are not specifically covered by the special law, that is to say, in this case, the Act of 2012. As there is no express or implied provision within the four corners of the Act of 2012 debarring or prohibiting the Metropolitan or Judicial Magistracy from entertaining and dealing with any application for bail or remand at the pre-trial stage, the Magistracy is well-authorized to entertain and deal therewith in accordance with the above-mentioned provisions of the Code.

47. To sum up, at the pre-trial stage, that is to say, from the date of lodgment of the FIR with the concerned Police Station till taking cognizance of the offence by the Senior Special Judge under section 4(2) of the Criminal Law (Amendment) Act, 1958, the Judicial or Metropolitan Magistracy is empowered to entertain, deal with and dispose of any application for bail of an accused in a case under the Act of 2012 under section 497 of the Code of Criminal Procedure. Similarly at the pre-trial stage, in the absence of any express or implied prohibition in any other special law, the Metropolitan or Judicial Magistracy may entertain, deal with and dispose of any application for bail of an accused under section 497 of the Code. In case of rejection of his application for bail, he may move the Court of Session by filing a Criminal Miscellaneous Case under section 498 and thereafter in case of failure before the Court of Session, he can move the High Court Division under the self-same section 498 of the aforesaid Code for bail. In this connection, it is to be remembered that the powers of granting bail of the Court of Session and the High Court Division under section 498 of the Code are concurrent.

48. Again after taking cognizance of any offence punishable under the Act of 2012, if an accused files an application for bail, then the Senior Special Judge/Special Judge concerned will hear and dispose of the same in accordance with the provisions of section 13 of the Act of 2012. In case of refusal of bail by the Senior Special Judge or the Special Judge, as the case may be, the accused may prefer an appeal thereagainst before the High Court Division under section 22 of the Act of 2012.

49. Before I part with the case, I would like to mention that there was a direction at the time of issuance of this Suo Motu Rule upon the opposite-party no. 3 (ACC) to take necessary steps so that the opposite-party no. 1 M. Wahidul Haque and the opposite-party no. 2 Abu Hena Mostafa Kamal can not leave the jurisdiction of this Court and go abroad. This direction stands affirmed and they can only leave the jurisdiction of this Court and go abroad with the express permission of the Court wherein the case is pending.

50. From the foregoing discussions and in the facts and circumstances of the case, the Criminal Revision (Suo Motu Rule) is disposed of with the findings and observations made in the body of this judgment.

51. Let the lower Court record along with a copy of this judgment be sent down at once.

**বিচারপতি মোঃ আশরাফুল কামাল:**

৫২. আমি মাননীয় জ্যেষ্ঠ বিচারপতি জনাব মইনুল ইসলাম চৌধুরী মহোদয়ের রায়টি শুনলাম যার সংগে মাননীয় বিচারপতি এম, ইনায়েতুর রহিম সহমত পোষণ করেন। অত্র রুলটি নিষ্পত্তি করে বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী মহোদয়ের রায় ও সিদ্ধান্তের সাথে একমত হতে না পেরে তথা ভিন্নমত পোষণ করে আমি আমার নিজস্ব অভিমত প্রদান করছি।

৫৩. যেহেতু মাননীয় জ্যেষ্ঠ বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী অত্র মোকদ্দমার সংক্ষিপ্ত ঘটনা এবং উভয়পক্ষের বিজ্ঞ এডভোকেটগণের যুক্তিতর্ক বিস্তারিতভাবে তুলে ধরেছেন সেহেতু আমি পুনরায় সেসব সংক্ষিপ্ত ঘটনা বর্ণনা এবং যুক্তিতর্ক উপস্থাপন করা হতে বিরত থাকলাম।

**আইন ও ভাষা**

৫৪. আইন যে ভাষায় প্রণয়ন করা হয় সে ভাষাতেই আইনের ব্যাখ্যা করতে হয় এটাই পৃথিবীব্যাপী সু-প্রতিষ্ঠিত নীতি।

৫৫. পৃথিবীর সকল দেশের সংসদ তথা রাষ্ট্র মাতৃভাষায় আইন প্রণয়ন করে এবং সে দেশের আদালত সে ভাষায় তার ব্যাখ্যা প্রদান করে। অর্থাৎ পৃথিবীর সকল দেশের সংসদ যে ভাষায় আইন প্রণয়ন করে সেসব দেশের আদালত সেই ভাষাতেই আইনের ব্যাখ্যা করে। আরও পরিষ্কারভাবে বলতে গেলে জাপানে সকল আইন জাপানী ভাষায় প্রণীত হয় এবং জাপানের আদালত মাতৃভাষাতেই উক্ত আইনের ব্যাখ্যা প্রদান করে। চীনের সকল আইন চীনা ভাষায় প্রণীত হয় এবং চীনের আদালত চীনা ভাষাতেই উক্ত আইনের ব্যাখ্যা প্রদান করে। ফ্রান্সে সকল আইন ফ্রেঞ্চ ভাষায় প্রণীত হয় এবং ফ্রান্সের আদালত ফ্রেঞ্চ ভাষাতেই উক্ত আইনের ব্যাখ্যা প্রদান করে। তেমনি ইংল্যান্ডের সকল আইন ইংরেজী ভাষায় প্রণীত হয় এবং ইংল্যান্ডের আদালত ইংরেজী ভাষাতেই উক্ত আইনের ব্যাখ্যা প্রদান করে। চীনের আদালত কখনই ইংরেজী ভাষায় আইনের ব্যাখ্যা করে না। তেমনি আমেরিকার আদালত কখনই চীনা ভাষায় আইনের ব্যাখ্যা করে না। কিন্তু পরিতাপের বিষয় বাংলাদেশের সংসদ বাংলা ভাষায় আইন প্রণয়ন করলেও উচ্চ আদালত অধিকাংশ ক্ষেত্রেই পরভাষা তথা বিজাতীয় ভাষা ইংরেজীতে আদালতের ব্যাখ্যা প্রদান করে।

৫৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধান এর অনুচ্ছেদ-৩ মোতাবেক বাংলাদেশের রাষ্ট্রভাষা বাংলা। রাষ্ট্রের তিনটি বিভাগ যথা- নির্বাহী বিভাগ, আইন বিভাগ এবং বিচার বিভাগ। যেহেতু সংবিধান মোতাবেক রাষ্ট্রভাষা বাংলা, সুতরাং আইন, নির্বাহী এবং বিচার বিভাগের অর্থাৎ রাষ্ট্রের তিনটি বিভাগের যাবতীয় কার্যক্রমে ব্যবহৃত ভাষা হবে বাংলা। আমাদের শিক্ষার বাহনও বাংলা ভাষা। তাই আইন আদালতের ভাষাও হবে বাংলা।

৫৭. জাতির জন্য এটা খুবই গর্বের ব্যাপার এই যে, বর্তমানে আমাদের মহান জাতীয় সংসদ তথা আইন বিভাগ তাঁদের সকল কার্যক্রম তথা আইন প্রণয়নসহ দৈনিক সকল কার্যক্রমে এবং নির্বাহী বিভাগ তাঁদের সকল কার্যক্রমে সংবিধানের নির্দেশনা মোতাবেক বাংলা ভাষা ব্যবহার করছেন। অপর দিকে বিচার বিভাগের মধ্যে নিম্ন আদালতসমূহ সংবিধান মোতাবেক বাংলায় রায় ও আদেশ প্রদান করে যাচ্ছে তথা বাংলা ভাষা ব্যবহার করছেন, শুধুমাত্র উচ্চ আদালত তথা বাংলাদেশ সুপ্রিম কোর্ট এর উভয় বিভাগ কি এক অজানা কারণে অদ্যবধি বাংলা ভাষার পরিবর্তে ইংরেজী ভাষায় রায় ও আদেশ প্রদান করে চলেছেন।

৫৮. একটি জাতির মাতৃভাষা তার আত্মপরিচয়। পৃথিবীর একমাত্র জাতি বাঙালি জাতি, যে জাতিকে তার মুখের ভাষায় কথা বলার অধিকারের জন্য তথা আত্মপরিচয়ের জন্য সংগ্রাম করতে হয়েছে, রক্ত দিতে হয়েছে, জীবন দিতে হয়েছে এবং সংগ্রাম করতে হয়েছে। পৃথিবীর আর কোনো জাতিকে তার মুখের ভাষা তথা মাতৃভাষার দাবিতে জীবন দিতে হয়নি, সংগ্রাম করতে হয়নি।

৫৯. ১৯৪৭ সাল থেকে বাঙালি জাতি ভাষা আন্দোলনের পথিকৃৎ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ভাষার অধিকার আদায়ের নিমিত্তে সংগ্রাম শুরু করে। বাঙালির মনে স্বাধিকার চেতনা ও স্বাধীনতার স্বপ্নের বীজ বুনে দিয়েছিলেন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর দূরদর্শী ভাবনা, অসাধারণ রাজনৈতিক প্রজ্ঞা, অন্যান্য সাংগঠনিক দক্ষতা ও অসীম সাহস এই পরাধীন জাতিকে আত্মসচেতনতায় দীপ্ত করে এক ঐক্যে, এক অভিপ্রায়ে মিলিত করেছিল।

৬০. ১৯৪৭ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্থির, অচঞ্চল কণ্ঠে ঘোষণা করেছিলেন, ‘বাংলা ভাষাকে পূর্ব পাকিস্তানের শিক্ষার বাহন ও আইন আদালতের ভাষা করা হউক’ (ভাষা সৈনিক ও সিনিয়র অ্যাডভোকেট গাজীউল হক লিখিত ‘উচ্চতর আদালতে বাংলা প্রচলন’ নামক বইয়ের ‘আরো কথা’ শিরোনামে লিখিত মুখবন্ধ

থেকে উদ্ধৃত, যা বাংলাদেশ আইন সমিতি কর্তৃক “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার, প্রয়োজনীয় ও সীমাবদ্ধতা” শীর্ষক বইয়ের ১০২ পৃষ্ঠায় পূর্ণ:মুদ্রিত।)

৬১. ১৯৪৮ সালে তথাকথিত পাকিস্তানে যখন সংবিধান পেশ করা হয় তখন বাংলা ভাষার ওপর আঘাত আসে। অতঃপর ২১ ফেব্রুয়ারি ১৯৫২, অতঃপর রাষ্ট্রভাষা বাংলার দাবিতে পাকিস্তানি শাসকগোষ্ঠীর পুলিশ বাহিনীর রাইফেলের নলের সামনে বুক পেতে দাঁড়িয়ে আবুল বরকত, আব্দুল জব্বার, রফিকুদ্দিন আহমেদ এবং আব্দুস সালাম নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন। ভাষাশহীদ সালাম, রফিক, বরকত, জব্বার, শফিউর রহমানসহ অজস্র শহীদদের রক্তের বিনিময়ে অর্জিত আমাদের মাতৃভাষা।

৬২. একুশ আমাদের শেখায় যেকোনো অন্যায়ের প্রতিবাদ করা। একুশ আমাদের শেখায় অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা। তাই একুশে ফেব্রুয়ারির শ্লোগানঃ

‘মোদের গরব মোদের আশা আ মরি বাংলা ভাষা’  
 ‘রাষ্ট্রভাষা বাংলা চাই’  
 ‘সর্বস্তরে বাংলা ভাষা চালু কর।’  
 ‘মাতৃভাষা হবে শিক্ষার বাহন’  
 ‘আইন আদালতের ভাষা হবে বাংলা।’

৬৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীনের পূর্বেই ১৯৭১ সালের ১৫ ফেব্রুয়ারি বাংলা একাডেমির একুশের অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে দীর্ঘকণ্ঠে ঘোষণা করেছিলেন-

‘আমি ঘোষণা করছি আমাদের হাতে যেদিন ক্ষমতা আসবে সেদিন থেকেই দেশের সর্বস্তরে বাংলা ভাষা চালু হবে। বাংলা ভাষার পত্তিতরা পরিভাষা তৈরি করবেন তারপরে বাংলা ভাষা চালু হবে, সে হবে না। পরিভাষাবিদরা যত খুশি গবেষণা করুন। আমরা ক্ষমতা হাতে নেওয়ার সঙ্গে সঙ্গে বাংলা ভাষা চালু করে দেব, সে বাংলা যদি ভুল হয়, তবে ভুলই চালু হবে, পরে তার সংশোধন করা হবে।’

৬৪. সংবিধান বিল উত্থাপন প্রসঙ্গে আইন ও সংসদীয় বিষয়াবলী এবং সংবিধান প্রণয়ন মন্ত্রী তাঁর ভাষণে বলেন -

‘বাংলা ভাষায় খসড়া সংবিধান পেশ করতে পেরেছি, এ কারণেও আজকের দিন আমাদের জন্য অত্যন্ত সুখের দিন। বাংলা ভাষার ইতিহাসেও এটা স্মরণীয় ঘটনা। রাষ্ট্রভাষা - আন্দোলন আমাদের জাতীয় মুক্তি-সংগ্রামের যে মহান পর্ব রচনা করেছিল, তার যোগ্য পরিণতি আজ ঘটল। বাংলা ভাষায় সংবিধান - রচনার ক্ষেত্রে বাংলা ভাষার বিশেষজ্ঞদের নিয়ে গঠিত কমিটির কাছে যে সাহায্য আমরা পেয়েছি, তা কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করছি। এই কমিটির সদস্য ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈয়দ আলী আইসান ও বাংলা একাডেমীর মহাপরিচালক ড. ময়হারুল ইসলাম এবং এর কনভেনার ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান ড. আনিসুজ্জামান, যিনি সংবিধান রচনার কাজের শুরু থেকে আমাদের সঙ্গে জড়িত ছিলেন।’

৬৫. রাষ্ট্রভাষা আন্দোলন আমাদের জাতীয় মুক্তি-সংগ্রামের সূচনা করেছিল। জাতির পিতা জনগণের নিকট দেওয়া তাঁর প্রতিশ্রুতি রেখেছিলেন। তাই তো আমাদের সংবিধানে রাষ্ট্রভাষা বাংলা। বাংলাদেশ পৃথিবীর একমাত্র দেশ; যার সংবিধান বাংলায় লেখা হয়েছে এবং যার সংবিধানে বর্ণিত রাষ্ট্রভাষা একটি এবং তা হলো বাংলা ভাষা। জন্ম হয়েছে ভাষাভিত্তিক জাতীয়তাবাদের।

৬৬. সংবিধানের অনুচ্ছেদ-৩ নিম্নে অনুলিখন হলোঃ

‘প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা’

৬৭. সংবিধানের অনুচ্ছেদ-৩ মোতাবেক প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা। অর্থাৎ এই বাংলাদেশ নামক রাষ্ট্রটির রাষ্ট্রভাষা বাংলা। সুপ্রিম কোর্ট এই প্রজাতন্ত্রের একটি বিভাগ। সুতরাং এটা বলার অপেক্ষা রাখে না যে, সংবিধান মোতাবেক সুপ্রিম কোর্টের ভাষাও অবশ্যই বাংলা। সংবিধানে বাংলা ব্যতীত অন্য কোন ভাষার ব্যবহার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জন্য উল্লেখ নেই।

৬৮. সুতরাং এটা নির্দিষ্ট বলা যায়; সংবিধান মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রভাষা একমাত্র ‘বাংলা ভাষা’। সংবিধানের নির্দেশনা অনুযায়ী প্রজাতন্ত্রের সকল কর্ম শুধু বাংলা ভাষায় হবে। সংবিধান মোতাবেক প্রজাতন্ত্রের তিনটি বিভাগ। আইন বিভাগ, নির্বাহী বিভাগ এবং বিচার বিভাগ। সংবিধান মোতাবেক উপরোক্ত তিনটি বিভাগেরই একমাত্র ভাষা বাংলা ভাষা।

৬৯. সংবিধানের অনুচ্ছেদ-৭ মোতাবেক এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন। সাংবিধানিক পদাধিকারী সকল ব্যক্তিই এই মর্মে শপথ পাঠ করেন যে, তিনি এই সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করেন। এর অন্যথা অর্থ সংবিধান ভঙ্গ করা। সুতরাং এটা কাচের মতো পরিষ্কার যে, সুপ্রিম কোর্টের বিচারকরা সংবিধানের অনুচ্ছেদ-৩ এর বিধান মোতাবেক বাংলা ভিন্ন অন্য কোনো ভাষায় রায় লিখলে তা হবে সেই বিচারপতির শপথ ভঙ্গ এবং সংবিধান ভঙ্গ।

৭০. সংবিধানের অনুচ্ছেদ-১১ মোতাবেক প্রজাতন্ত্র হবে একটি গণতন্ত্র, যেখানে মৌলিক মানবাধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকবে, মানবসত্তার মর্যাদা ও মূল্যের প্রতি শ্রদ্ধাবোধ নিশ্চিত হবে। আদালতসহ প্রজাতন্ত্রের সকল কর্ম বাংলায় না হলে জনগণের মৌলিক মানবাধিকার লঙ্ঘিত হতে বাধ্য।

৭১. সংবিধানের অনুচ্ছেদ-১৯ মোতাবেক সকল নাগরিকের জন্য সুযোগের সমতা নিশ্চিত করতে রাষ্ট্র সচেষ্ট হবে। কিন্তু বাংলায় রায় না দেওয়া অর্থ হলো নাগরিকের সমতার নিশ্চয়তা আর থাকে না।

৭২. সংবিধানের অনুচ্ছেদ-২৩ মোতাবেক রাষ্ট্র জনগণের সাংস্কৃতিক ঐতিহ্য ও উত্তরাধিকার রক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করবে এবং জাতীয় ভাষা, সাহিত্য ও শিল্পকলাসমূহের এমন পরিপোষণ ও উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করবে, যাতে সর্বস্তরের জনগণ জাতীয় সংস্কৃতির সমৃদ্ধিতে অবদান রাখার ও অংশগ্রহণ করার সুযোগ লাভ করতে পারেন। বাংলায় রায় প্রদান না করলে জাতীয় ভাষার পরিপোষণ ও উন্নয়ন কীভাবে হবে?

৭৩. সংবিধানের অনুচ্ছেদ-২৭ মোতাবেক সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী। বাংলাদেশ সুপ্রিম কোর্ট বাংলা ভাষায় রায় প্রদান না করলে এবং পরভাষা তথা বিজাতীয় ভাষা ইংরেজিতে রায় প্রদান করলে, জনগণ তার সংবিধান প্রদত্ত অন্যতম মৌলিক অধিকার তথা আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকার থেকে বঞ্চিত হতে বাধ্য। যে সুপ্রিম কোর্ট সংবিধানে অভিভাবক হিসেবে জনগণের মৌলিক অধিকার রক্ষায় সচেষ্ট থাকার কথা, সেই সুপ্রিম কোর্ট কিভাবে বাংলায় রায় ও আদেশ প্রদান না করে নিজেসই জনগণের মৌলিক অধিকার হরণের কারণ হবেন।

৭৪. সংবিধানের অনুচ্ছেদ-৩১ মোতাবেক আইনের আশ্রয়লাভ এবং আইনানুযায়ী ও কেবল আইনানুযায়ী ব্যবহারলাভ যেকোনো স্থানে অবস্থানরত প্রত্যেক নাগরিকের এবং সাময়িকভাবে বাংলাদেশে অবস্থানরত অপরাপর ব্যক্তির অবিচ্ছেদ্য অধিকার এবং বিশেষত আইনানুযায়ী ব্যতীত এমন কোনো ব্যবস্থা গ্রহণ করা যাবে না, যাতে কোনো ব্যক্তির জীবন, স্বাধীনতা, দেহ, সুনাম বা সম্পত্তির হানি ঘটে। বাংলাদেশের জনগণ তার সংবিধানসম্মত অধিকার তথা আইনানুযায়ী ও কেবল আইনানুযায়ী ব্যবহারলাভের যে অবিচ্ছেদ্য অধিকার তা থেকে বঞ্চিত হচ্ছে। কারণ বাংলায় রায় ও আদেশ পাওয়া প্রত্যেক বাংলাদেশীর অবিচ্ছেদ্য অধিকার তা থেকে বাঙালির বঞ্চিত হচ্ছে। বাংলাদেশের নাগরিকরা সংবিধান অনুযায়ী তথা আইনানুযায়ী ব্যবহার পাচ্ছে না।

৭৫. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৮ ডিসেম্বর ১৯৭২ বাংলাদেশ সুপ্রিম কোর্টের উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী হিসেবে তাঁর দিকনির্দেশনামূলক বক্তব্যে সুপ্রিম কোর্টের বিচারপতিগণকে কালবিলম্ব না করে বাংলায় রায় লেখার আহবান জানান। পরদিন ১৯ ডিসেম্বর সকল জাতীয় দৈনিক পত্রিকায় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বক্তব্য ছাপা হয়। নিম্নে কয়েকটি পত্রিকার প্রতিবেদন থেকে কিয়দংশ তুলে ধরা হলো:

১৯৭২ সালের ১৯ ডিসেম্বর রোজ মঙ্গলবার দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত সুপ্রিম কোর্টের উদ্বোধনী অনুষ্ঠানের প্রতিবেদনটি নিম্নরূপঃ

“বর্তমান সরকার আইনের শাসনে বিশ্বাসী

প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষণা করেন যে, তাহার সরকার আইনের শাসনে বিশ্বাসী। তিনি বলেন যে, আইনের শাসন কায়েমের জন্যই জাতিকে এত তাড়াহুড়া করিয়া একটি সংবিধান প্রদান করা হইয়াছে।

গতকল্য (সোমবার) অপরাহ্নে বাংলাদেশের সুপ্রিম কোর্টের উদ্বোধন উপলক্ষে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে ভাষণদানকালে বঙ্গবন্ধু এই ঘোষণা করেন। বঙ্গবন্ধু তাঁহার ২০ মিনিট কাল স্থায়ী ভাষণে বলেন, ‘আমরা আইনের শাসন বাস্তবায়নের জন্য সংগ্রাম করিয়াছি এবং বাংলাদেশের স্বাধীন মাটিতে সুপ্রীম কোর্টে পালিত হওয়ায় আমরা আনন্দিত হইয়াছি। তিনি আরও বলেন যে, সুপ্রীম কোর্ট ব্যতীত জাতি চলিতে পারে না।

বঙ্গবন্ধু আরও বলেন যে, মৌলিক মানবিক অধিকারের নিশ্চয়তা ও আইনের শাসন ব্যতীত কোন জাতিই পূর্ণতায় পৌঁছিতে পারে না। সংবিধান প্রসঙ্গে বঙ্গবন্ধু বলেন যে, সংবিধান প্রণয়ন ও নির্বাচন ছাড়াই তাহার দল আরও অনেক দিন ক্ষমতায় থাকিতে

পারিত। কিন্তু তাহা করা হয় নাই। তিনি বলেন, ‘এইভাবে ক্ষমতায় অধিষ্ঠিত থাকিতে আমরা চাই নাই, কারণ আইনের শাসনে আমরা বিশ্বাস করি এবং আইনের শাসন প্রতিষ্ঠার জন্যই আমরা এতদিন সংগ্রাম করিয়া আসিয়াছি।’

বঙ্গবন্ধু বলেনঃ ‘ক্ষমতা দখলের জন্য আমরা রাজনীতি করি না।’

তবে বঙ্গবন্ধু উল্লেখ করেন যে, বিচার বিভাগ পৃথকীকরণ অর্থে ইহা প্রশাসনযন্ত্রের সহিত সম্পূর্ণ ‘একঘরে’ উহা বুঝায় না। কারণ এক বিভাগ আরেক বিভাগের পরিপূরক।

প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেন যে, একে অন্যের হস্তক্ষেপ ছাড়াও রাষ্ট্রের তিনটি অঙ্গ- প্রশাসন, বিচার ও আইন রাষ্ট্রের ৪ টি মূলনীতির ভিত্তিতে একে অন্যের ঘনিষ্ঠ সহযোগিতায় কাজ চলাইয়া যাইতে হইবে।

বঙ্গবন্ধু বলেন যে, রাষ্ট্রের ৪টি মূলনীতি বাস্তবায়নের ব্যাপারে সুপ্রীম কোর্টের গুরুত্বপূর্ণ দায়িত্ব রহিয়াছে। তিনি বলেন, আমরা বিচার বিভাগে হস্তক্ষেপ করিতে চাই না- তবে আমরা আশা করিব যে, আপনারা দেশের বর্তমান অবস্থা ও পরিস্থিতি অনুসারে কাজ করিয়া যাইবেন। পূর্বে সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি জনাব সায়েম প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানাইয়া ভাষণ দান করেন।

প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিব সুপ্রীম কোর্টের নিশ্চয়তা প্রদান করেন যে, বাংলা ভাষায় কোর্টের কাজ পরিচালনার ক্ষেত্রে সরকার সম্ভাব্য সকল প্রকার সহযোগিতা প্রদান করিবেন। ইহা ছাড়া কোর্টের কাজের জন্য সম্ভাব্য সংখ্যক বাংলা টাইপ রাইটার প্রদানের ব্যাপারেও প্রধানমন্ত্রী নিশ্চয়তা দান করেন।”

৭৬. ১৯৭২ সালের ১৯ ডিসেম্বর রোজ মঙ্গলবার দৈনিক আজাদ পত্রিকায় প্রকাশিত সুপ্রীম কোর্টের উদ্বোধনী অনুষ্ঠানের প্রতিবেদনটি নিম্নরূপঃ

“বাংলা প্রবর্তন আইন সংক্রান্ত শব্দাবলীর বঙ্গানুবাদের সুবিধার্থে একটি কমিশন গঠনের জন্য প্রধান বিচারপতি জনাব এ এম সায়েম যে প্রস্তাব রাখেন তার সাথে দ্বিমত প্রকাশ করে প্রধানমন্ত্রী বলেন যে, এ পদ্ধতি আদালতের কার্যক্রম বিলম্বিত করবে। তিনি মাননীয় বিচারপতিদের রায় বাংলায় দেয়ার জন্য আহ্বান জানান। তিনি বলেন যে, আদালতের কাজে বাংলা প্রবর্তনের সকল প্রচেষ্টায় সরকার সার্বিক সহযোগিতা দিয়ে যাবে। সুপ্রীম কোর্টের জন্য সরকার শীগগীরই বাংলা টাইপ রাইটার সংগ্রহের ব্যবস্থা করবে। এছাড়াও বাংলা স্টাটলিপি পাঠও প্রবর্তন করা হবে।

৭৭. স্বাধীনতা যুদ্ধে শহীদ এডভোকেটদের স্মৃতির উদ্দেশ্যে প্রধানমন্ত্রী গভীর শ্রদ্ধা প্রকাশ করেন। এই সব মহান দেশপ্রেমিকের উদ্দেশ্যে একটি স্মৃতিস্তম্ভ তৈরির জন্য তিনি প্রস্তাব করেন। বার সমিতি ভবনের নির্মাণ কাজ শীগগীরই পুনরারম্ভ হবে বলে তিনি আশ্বাস দান করেন।”

৭৮. ১৯৭২ সালের ২৯ ডিসেম্বর রোজ মঙ্গলবার দৈনিক মর্নিং নিউজ (The Daily Morning News) পত্রিকায় প্রকাশিত সুপ্রীম কোর্টের উদ্বোধনী অনুষ্ঠানের প্রতিবেদনটি নিম্নরূপঃ

“The guiding ideals in every walk of our life. It is against this background, the Bangabandhu added, complete independence, of judiciary did not carry a constructive meaning. The judiciary has also to play it role in such a manner that its actions did not contribute to chaos and disorder in country.

The Prime Minister said we all want Rule of Law’ but it proper working and establishment would depend on how we execute it; The Constitution should be given a fair trial and the judiciary has been empowered to interpret laws, he added.

He said the Supreme Court has an important responsibility in the execution of the pour state principles we do not want to interfere in your functioning but we hope you would he guided by the conditions and salutation in the country.

The prime Minister retired to in a suggestion made by the Chief Justice of Supreme Court Mr. Justice A. M. Sayem in his address of welcome and said it would virtually amount to wastage of time a Commission was appointed to find Bengali worlds for legal English terms.

He said we are all trying to conduct official business in Bengali and the same way the court should also make efforts. The difficulties in the way are not expected in view of the hangover of British legacy, but was should continue to make efforts without delay.

The Prime Minister assured the Supreme Court that the government world extend every possible assistance to help them work in the mother tongue. He also held out the assurance that the courts could be given as many, Bengali typewriters as possible.

The Prime Minister said people expect just from the judiciary and the proper functioning of the there3 organs of the states in interlinked and interdependent. Hence co-operation between them is essential rather than their working in water-tight compartments.”

৭৯. উপরোল্লিখিত পত্রিকায় সংবাদ পর্যালোচনায় এটা স্পষ্ট যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অতি দ্রুত সুপ্রিম কোর্টের বিচারকদের বাংলায় রায় ও আদেশ প্রদানের জন্য আহ্বান জানান এবং এ ব্যাপারে তাঁর পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়।

৮০. এদ্বসত্ত্বেও, স্বাধীনতার তিন বৎসর পর; জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অত্যন্ত বিষাদের সঙ্গে লক্ষ করলেন বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্রভাষা বাংলা থাকা সত্ত্বেও সরকারি অফিস এবং আদালতে অবাধে বিজাতীয় ইংরেজী ভাষার চর্চা চলছিল। তিনি অত্যন্ত মর্মান্বিত হয়ে একটি সরকারি প্রজ্ঞাপন জারি করেন (বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত সরকারি নির্দেশ, ১৯৭৫ রাষ্ট্রপতির সচিবালয়, গণভবন, ঢাকা সংখ্যা ৩০.১২.৭৫, সাধারণ-৭২৯/১(৪০০) ১২ই মার্চ, ১৯৭৫)। উক্ত প্রজ্ঞাপনে তথা বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত সরকারি নির্দেশ ১৯৭৫-এ তিনি অত্যন্ত কঠোরভাবে দিকনির্দেশনা প্রদান করেন, যা নিম্নে অনুলিখন হলোঃ

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাষ্ট্রভাষা বাংলা।

বাংলা আমাদের জাতীয় ভাষা।

তবুও অত্যন্ত দুঃখের সাথে লক্ষ করেছি যে, স্বাধীনতার তিন বৎসর পরেও অধিকাংশ অফিস-আদালতে মাতৃভাষার পরিবর্তে বিজাতীয় ইংরেজী ভাষায় নথিপত্র লেখা হচ্ছে। মাতৃভাষার প্রতি যার ভালবাসা নেই দেশের প্রতি তার ভালবাসা আছে একথা বিশ্বাস করতে কষ্ট হয়।

দীর্ঘ তিন বৎসর অপেক্ষার পরও বাংলাদেশের বাঙালি কর্মচারীরা ইংরেজী ভাষায় নথি লিখবেন সেটা অসহনীয়। এ সম্পর্কে আমার পূর্ববর্তী নির্দেশ সত্ত্বেও এ ধরনের অনিয়ম চলছে। আর এ উচ্ছৃঙ্খলতা চলতে দেয়া যেতে পারে না।

এ আদেশ জারী হওয়ার সঙ্গে সঙ্গে সকল সরকারী, স্বায়ত্তশাসিত সংস্থা ও আধা-সরকারী অফিসসমূহে কেবলমাত্র বাংলার মাধ্যমে নথিপত্র ও চিঠিপত্র লেখা হবে এ বিষয়ে কোন অন্যথা হলে উক্ত বিধি লংঘনকারীকে আইনানুগ শাস্তি দেবার ব্যবস্থা করা হবে।

বিভিন্ন অফিস-আদালতের কর্তাব্যক্তিগণ সতর্কতার সাথে এ আদেশ কার্যকরী করবেন এবং আদেশ লংঘনকারীদের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা করবেন।

তবে কোন বিদেশী সংস্থা বা সরকারের সাথে পত্র যোগাযোগ করার সময় বাংলার সাথে ইংরেজী অথবা সংশ্লিষ্ট ভাষায় একটি প্রতিলিপি পাঠানো প্রয়োজন।

তেমনিভাবে বিদেশের কোন সরকার বা সংস্থার সাথে চুক্তি সম্পাদনের সময়ও বাংলার সাথে অনুমোদিত ইংরেজী বা সংশ্লিষ্ট ভাষার প্রতিলিপি ব্যবহার করা চলবে।

শেখ মুজিবুর রহমান

রাষ্ট্রপতি।”

৮১. ওপরে বর্ণিত বাংলা ভাষা প্রচলনসংক্রান্ত সরকারি নির্দেশ, ১৯৭৫ পাঠে এটা সুস্পষ্ট যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কি প্রচণ্ড ক্ষুব্ধ এবং মর্মান্বিত হয়েছিলেন, যখন তিনি জানতে পারলেন এদেশের লোকেরাই কীভাবে এদেশের নিয়ম-কানুন ভঙ্গ করে তথা সংবিধান ভঙ্গ করে বিজাতীয় পরভাষা ইংরেজীতে কার্যক্রম পরিচালনা করছে। তিনি তাদের উচ্ছৃঙ্খল বলেছেন। তিনি তাদের দেশ প্রেম নিয়ে সন্দেহ পোষন করেছেন, পরিশেষে তিনি তাদের শাস্তির নির্দেশও প্রদান করতে বাধ্য হয়েছিলেন। আজ একথা বলার অপেক্ষা রাখে না যদি জাতির জনক বেঁচে থাকতেন তাহলে বহু আগেই বাংলাদেশ সুপ্রিম কোর্ট শুধুমাত্র বাংলা ভাষায় রায় ও আদেশ প্রদান করতেন।

৮২. আমাদের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৮ সালের ১ মার্চ ঢাকায় বিচার প্রশিক্ষণ ইনস্টিটিউটের উদ্বোধনী অনুষ্ঠানে বলেছিলেন, ‘আমাদের পবিত্র সংবিধানে আছে, প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ আর প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা। সুপ্রিম কোর্টসহ দেশের সকল আদালতই এই প্রজাতন্ত্রের আদালত।’



কবি আব্দুল হাকিম (১৬২০ খ্রিষ্টাব্দ- ১৬৯০ খ্রিষ্টাব্দ) তার কবিতায় বলেছেন যে,  
 ‘যে সব বঙ্গোপে জন্মি হিংসে বঙ্গবানী  
 সে সব কাহার জন্ম নির্নয় ন জানি।।’

৮৩. ভাষা সৈনিক এবং একুশে আন্দোলনের শীর্ষ নেতা আব্দুল মতিন বলেছেন যে,  
 ‘আইনের সর্বক্ষেত্রে আমরা বাংলাকে প্রয়োগ করতে পারি এবং আমি দু’ একটি লোয়ার কোর্টের রায়ে দেখেছি, বাংলায় যখন  
 রায় হয় তখন বেশ বুঝতে পারা যায় বরং ইংরেজি ভাষায় রায় দেওয়া হলে অনেক সময় বুঝতে পারা যায় না। এত জটিল ভাষা  
 এমনভাবে ব্যবহার করা হয়, তার নিরিখে করা কঠিন হয়ে পড়ে আমাদের মতো সাধারণ মানুষের জন্য। তো, এখন আমরা  
 কোথায় যাব? বহু সাধনা, বহু রক্তের বিনিময়ে আমরা রাষ্ট্রভাষা হিসেবে বাংলার মর্যাদা অর্জন করেছি, আমরা যেন একে রক্ষা  
 করতে পারি। যে যত বিরোধিতা করুক, যে যতই কষ্ট করুক এর অবমাননা হতে দেওয়া যায় না।’ (বাংলাদেশ আইন সমিতি  
 কর্তৃক “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার-প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” পাতা-৩৩)

৮৪. স্বাধীনতা-উত্তর বাংলাদেশের বাংলা ভাষায় আইনচর্চার পথিকৃৎ গাজী শামছুর রহমান বলেছেন যে,  
 ‘বাংলাদেশের রাষ্ট্রভাষা যে বাংলা, তা সংবিধান বলে দিয়েছে। সংবিধান বলেনি যে রাষ্ট্রভাষা বাংলা হবে, ভবিষ্যৎব্যঞ্জক  
 কোন উক্তি সংবিধানে নেই। সুতরাং বাংলা ভাষা আইনের ক্ষেত্রে ব্যবহৃত হবে কিনা, সে প্রশ্ন একেবারেই অবাস্তব। সকল ক্ষেত্রে  
 রাষ্ট্রভাষা বাংলা হয়েই আছে।’

৮৫. আইনের পরিভাষার মূল সাহিত্য বা রম্য রচনার তুলনায় বেশি গুরুত্বপূর্ণ। প্রত্যেক পারিভাষিক শব্দকে সাধারণভাবে  
 আইনের ক্ষেত্রে একটিমাত্র অর্থ বহন করতে হয়।

৮৬. আইন বিষয়ে অনেক বই রচনার সৌভাগ্য আমার হয়েছে। চারটি ছাড়া অন্য সবগুলো বই বাংলাতে লেখা। এই কাজ  
 করতে গিয়ে আমার নিশ্চিত প্রতীতি জন্মেছে যে বাংলা ভাষার শক্তি এবং যোগ্যতা সম্পর্কে সংশয় প্রকাশ মূর্খতারই নামান্তর।  
 পরাধীনতাজনিত হীনমুণ্ডতা কাটিয়ে উঠতে পারলে এই সংশয় আর থাকে না। তদুপরি একখানি পরিভাষা টেবিলে থাকলে  
 ভাষান্তরকালে সাময়িক অসুবিধা থেকে সহজেই পরিত্রাণ পাওয়া যায়।

৮৭. দেশের আইন এখনো ইংরেজি ভাষার নিগড়ে আবদ্ধ। ঐ নিগড় ভেঙে আইনকে মুক্তি দিতে হবে।’ (বাংলাদেশ আইন  
 সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার-প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা পাতা-৯৭)।

৮৮. ভাষা সৈনিক ও সিনিয়র এ্যাডভোকেট, জনাব গাজীউল হক বলেছেন যে,  
 ‘ভাষা আন্দোলনের প্রথম শহীদ রফিক এর মা একদিন জানতে চেয়েছিলেন আমি হাইকোর্টে যে আইন ব্যবসা করি তাতে  
 বাংলা ভাষার ব্যবহার করি কি না? ভাষা সৈনিক সম্মেলনের উদ্যোক্তাদের একজন হয়ে মিথ্যে বলতে পারিনি। বললাম, আমরা  
 এখনো হাইকোর্টে বা সুপ্রিম কোর্টে বাংলা ভাষায় আরজি বা জবাব লিখি না, সওয়াল জবাব করি না। এরপর ভাষা শহীদ রফিকের  
 মা রফিজা খানমের মৃদু কথাটি তিরস্কারের মতো আমার কানে বাজালো। ছোট্ট করে কথাটা স্বগতোক্তির মতো বললেন, তাহলে  
 রফিকেরা প্রাণ দিলে কেন? আর কোন কথা না বলে মা ছোট্ট ছোট্ট পায়ে আমার হাত ধরে সিড়ি বেয়ে শহীদ মিনার থেকে নেমে  
 এসেছিলেন। মায়ের সেই ছোট্ট স্বাগতোক্তি আমাকে ভীষনভাবে লজ্জা দিয়েছিল। বলেছিলাম এরপরে বাংলায় লিখবো। তারপর  
 থেকেই বাংলা ভাষায় হাইকোর্টের দেওয়ানি, ফৌজদারি রিট মামলার আমি জবাব লেখা শুরু করলাম। এই ব্যাপারে সাহায্য  
 করলেন আমার প্রিয় সহকর্মী আইনজীবীগণ সর্ব এডভোকেট ওজায়ের ফারুক, সৈয়দ গোলাম মোস্তফা, মাহবুব, শামসুদ্দীন বাবুল,  
 জাফর, রুহুল আমীন উঁইয়া। এরা সকলেই বিচারপতিদের মধ্যেও জনাব আমিরুল ইসলাম চৌধুরী, জনাব নাসিম উদ্দিন আহম্মদ  
 প্রভৃতি বিচারপতিগণ বাংলায় আদেশ দান এবং রায় লেখা শুরু করলেন। (বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ  
 আদালতে বাংলা ভাষার ব্যবহার-প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” পাতা-১০২)

৮৯. বাংলাদেশ আইন সমিতি কর্তৃক প্রকাশিত “উচ্চ আদালতে বাংলা ভাষার ব্যবহার- প্রয়োজনীয়তা ও সীমাবদ্ধতা” বইতে  
 তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ও বাংলাদেশের সাবেক মাননীয় প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান বলেছেন  
 যে,

‘ন্যায়বিচার যদি সদগুণ হয় এবং জনগণের কল্যাণের জন্যই যদি এর কাজ হয়, তবে তা জনগণের ভাষাতেই হওয়া উচিত।



৯০. আইন সম্পর্কে সম্যক ধারণা মাতৃভাষার মাধ্যমে যত তাড়াতাড়ি বোঝা, শেখা বা শেখানো যায়, তা পরভাষায় সম্ভব নয়। আমাদের ভাষায় পারঙ্গমতা সম্পর্কে আমরা অহেতুক সন্দিহান। দেশের আদালতে যে দ্বৈতশাসন চলছে নিচের আদালতে বাংলা এবং ওপরের আদালতে ইংরেজি তার আশু অবসান হওয়া প্রয়োজন।

৯১. যে-ভাষায় বাংলাদেশের সংবিধানের মতো একটি জটিল বিষয় বিবেচনা করা সম্ভব হয়েছে, হেন মানবিক সমস্যা নেই, যার ওপর সেই ভাষায় কোন সহজ সিদ্ধান্ত দেওয়া সম্ভব নয়। পরভাষায় আইনচর্চার ফলে আমরা আইনশাস্ত্রে স্বাভাবিক সহজতা লাভ করিনি, তেমন কোনো মৌলিক অবদানও রাখতে পারিনি।

৯২. আইন ও বিচার তো দেশের লোকের জন্য। বিদেশিদের সুবিধা-অসুবিধা গৌণ ব্যাপার। দেশের রায় বাংলায় লিখতে হবে, যাতে নিরক্ষরও শুনলে কিছু বুঝতে পারে। বিদেশিদের অসুবিধা এখানে সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। সব সন্দেহ নিরসনকল্পে সংসদের দ্ব্যর্থহীন উদ্যোগ নেওয়া উচিত। দেশের সাধারণ মানুষ যাতে আদালতে সহজে প্রবেশাধিকার পায়, সে কথা ভেবে ইংল্যান্ডে লর্ড উলফ তাঁর অ্যাকসেস টু জাস্টিস-এ অবেোধ ও স্বল্পব্যবহৃত লাতিন শব্দ বাদ দেওয়ার সুপারিশ করেন। ‘আমরা কি যাব না তাদের কাছে, যারা শুধু বাংলায় কথা বলে?’- এই আর্ত প্রশ্ন আমরা অনেকবার করেছি। আমরা উত্তর পাইনি।

৯৩. অনেকের ধারণা, বাংলায় লেখা হলে আমাদের রায় কেউ পড়বে না। আমাদের রায় পড়ার জন্য যেন সারা বিশ্ব রাত জেগে বসে আছে! যেসব দেশের সঙ্গে আমাদের স্বার্থ জড়িত এবং বাণিজ্যিক সম্পর্ক, সেসব দেশের বেশ কিছু লাইব্রেরিতে গিয়ে আমি দেখেছি, সেখানে বাংলাদেশের ল জার্নাল বা বই নেই বললেই চলে।

৯৪. যাঁরা ফিয়ার জন্য হুজুতে অজুহাত দিতে পারদর্শী, তাঁরা বলেন, ‘সংবিধানে কোথাও বলা হয়নি, সব ধরনের রাষ্ট্রীয় কার্যকলাপ বাংলায় করতে হবে। ইংরেজী ব্যবহার সংবিধান পরিপন্থী হবে না। সংবিধান ইংরেজিকে বাদ দেয়নি, বরং ইংরেজি টেক্সটের বিধান করে দিয়ে ইংরেজিকে গ্রহণ করেছে, ইংরেজিকে একটি ভাষার মাধ্যম হিসেবেই স্বীকৃতি দিয়েছে ইংরেজি ভাষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা স্বীকার করেছে। তাঁরা এমন কথাও বলেন যে, স্বাধীনতার অব্যবহিত পরে অন্যান্যোপায় হয়ে শিল্পের জাতীয়করণ করে আমাদের অব্যবস্থা ও দুর্গতি হয়েছিল, রাষ্ট্রভাষা নিয়ে বাড়াবাড়ি করলে আমাদের অনুরূপ দুর্গতি ঘটবে। তাঁদের ধারণা, অশুভবুদ্ধির প্রণোদনায় রাষ্ট্রভাষা নিয়ে নতুন এক ইস্যু তৈরি করা হচ্ছে।

৯৫. আইন ও বিচার তো দেশের লোকের জন্য। বিদেশিদের সুবিধা-অসুবিধা গৌণ ব্যাপার। দেশের রায় বাংলায় লিখতে হবে, যাতে নিরক্ষরও শুনলে কিছু বুঝতে পারে। বিদেশিদের অসুবিধা এখানে সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। সব সন্দেহ নিরসনকল্পে সংসদের দ্ব্যর্থহীন উদ্যোগ নেওয়া উচিত।

৯৬. আদালত.....সম্মানিত বিচারকগণও বাঙালি, বিজ্ঞ আইনজীবীগণ বাঙালি এবং বিচারপ্রার্থীগণও ব্যতিক্রম সবাই বাঙালি। সকল আদালত কর্তৃক ঘোষিত রায় বাংলা ভাষায় হবে, এটাই তো স্বাভাবিক। মুষ্টিমেয় লোকের জন্য এই বিচারব্যবস্থা নয়। এই বিচারব্যবস্থা দেশের সব মানুষের সর্বস্তরের আদালতের সম্মানিত বিচারকগণ নিজের মাতৃভাষায় যেন নিপুনভাবে রায় লিখতে পারেন, এই বিচার প্রশিক্ষণ ইনস্টিটিউট এ ব্যাপারে গুরুত্বারোপ করবে বলে জনগণ আশা করে। প্রধানমন্ত্রীর ভালো করে জানার কথা, জনগণের আশা প্রায়ই পূরণ হয় না। এখন জনগণের প্রতিনিধিরা জাতীয় সংসদে দ্ব্যর্থহীনভাবে নির্দেশনা না দিলে জনগণের নিজের ভাষায় রায় শোনার সৌভাগ্য হবে না।.....

৯৭. ভাষার দৈন্যমোচন এবং বাংলা ভাষাকে আন্তর্জাতিক মানসম্পন্ন সমৃদ্ধ ভাষাগুলোর সমকক্ষ করে তোলা আমাদের বড় দায়। সেই দায়মোচনে পরিশ্রমবিমুখ না হয়ে নিজেদের একাধিচিতে নিবেদন করবে সে হবে আমাদের জন্য মঙ্গলময় ও কল্যাণকর।.....

৯৮. বহুনির্দিষ্ট দ্বিজাতিতত্ত্ব ধ্বংসের বদৌলতে, বাংলা ভাষায় শুণে, সোনার বাংলার সৌভাগ্যে এবং ইতিহাসের দুর্ভেদ্য গুঢ় লীলায় বাংলাদেশ আজ এক স্বাধীন সার্বভৌম দেশ। যাঁরা বলেন, ভারতের উচ্চ আদালতে ইংরেজি ভাষার ব্যবহারে কোন অসুবিধা হচ্ছে না, তাঁদের জানা উচিত, ভারত ইংরেজির পথে যে যাত্রা করেছিল, সে ছিল তার জন্য অগন্ত্যযাত্রা। আর্ষাবর্ত ও দাক্ষিণাত্যের একমাত্র যোগসূত্র ইংরেজী, যা ছিল হলে বহুজাতির দেশ ভারত ছিলভিন্ন হয়ে যেতে পারে। আমরা সেভাবে দুর্ভাবনাগ্রহু নই। আমাদের সৌভাগ্য, আমাদের নিজের দেশের সর্বোচ্চ আদালতে নিজের ভাষায় রাষ্ট্রের অন্যতম সার্বভৌম ক্ষমতা বিচারকার্য সমাধান করার সুযোগ পেয়েছি। অর্থনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জন সত্ত্বেও আমরা এ দেশটিকে সুযোগ হারানোর দেশ হিসেবে নষ্ট করার জন্য বন্ধপরিকর।.....

৯৯. উচ্চ আদালতে রাষ্ট্রভাষার সীমাবদ্ধতার কথা না ভেবে তার প্রয়োজনীয়তার কথা আমাদের আগে ভাবতে হবে। দেশের আদালতে যে দেশের জনগণের ভাষা ব্যবহৃত হচ্ছে না, সে তো এক লজ্জাকর ব্যাপার। এ দুর্গতি যত তাড়াতাড়ি দূর হয়, তার জন্য সর্বতোভাবে আমাদের চেষ্টা করতে হবে।”

১০০. আইনের সুপ্রতিষ্ঠিত নীতি হলো আদালতের ভাষা হবে সহজ, সরল, সাবলীল ও বোধগম্য।

অর্থাৎ পৃথিবীর সকল দেশের আদালত সহজ-সরল এবং সাধারণ জনগণের বোধগম্য মাতৃভাষায় রায় প্রদান করবেন, এটাই আইনের সুপ্রতিষ্ঠিত নীতি।

১০১. কঠিন মাতৃভাষায় রায় লেখা যেখানে নিরুৎসাহিত করা হয়, সেখানে বিজাতীয় ইংরেজী ভাষায় বা পরভাষায় রায় লেখা এক কথায় আইনের বিশ্বজনীন সুপ্রতিষ্ঠিত নীতির পরিপন্থী।

১০২. আদালত ও ন্যায়বিচার দুটি সমার্থক। ন্যায়বিচার প্রতিষ্ঠা ব্যতীত কোন জাতি মাথা উঁচু করে দাঁড়াতে পারে নাই। ১২১৫ খৃষ্টাব্দের ১৫ জুন তারিখে ঘোষিত ম্যাগনা কার্টায় উল্লেখ আছে *To no one shall we sell justice, to no one shall we deny or delay it.* (আমরা কারো কাছে বিচার বিক্রয় করব না, বিচার বিলম্বিত করব না বা কাউকে বিচার হতে বঞ্চিত করব না)। ১২১৫ খ্রিষ্টাব্দে ম্যাগনা কার্টার ঘোষিত আইনের শ্বাশ্বত নীতি আজও বিশ্বব্যাপী সকল আদালতে অনুসরণ করা হয়। বাংলাদেশের ৯৮ শতাংশ জনগণের মায়ের ভাষা তথা মাতৃভাষা বাংলা ভাষা। সেখানে বিজাতীয় পরভাষা ইংরেজী ভাষায় রায় প্রদান বাংলাদেশের সাধারণ জনগণকে তাদের বিচার লাভের অধিকার থেকে বঞ্চিত করার নামান্তর। কেননা বিচার প্রার্থী যদি আদালতের রায় ও আদেশ তার বোধগম্য মাতৃভাষায় না পায়, সেক্ষেত্রে উক্ত বিচারপ্রার্থী বুঝতে পারবে না কেন এবং কোন যুক্তিতে মোকদ্দমায় সে বিজয়ী কিংবা পরাজিত হল। এবং এই না বুঝতে দেওয়াটা হচ্ছে উক্ত বিচারপ্রার্থীর সংবিধানপ্রদত্ত মৌলিক অধিকার হরণ।

১০৩. বাঙালি তথা বাংলাদেশের জনগণের টাকায় পরিচালিত বিচারালয়ের রায় ও আদেশ বাঙালির রক্তে অর্জিত মাতৃভাষা বাংলা না হয়ে বিজাতীয় ইংরেজী ভাষায় প্রদত্ত হচ্ছে। সাধারণ জনগণ সেই রায়ের মর্মার্থ যথাযথভাবে বুঝতে পারে না। বেশীর ভাগ ক্ষেত্রে অর্থের বিনিময়ে আমাদের সাধারণ জনগণকে উক্তরূপ বিজাতীয় ইংরেজী ভাষায় প্রদত্ত রায় ও আদেশ বোঝার জন্য ইংরেজী জানা লোকের শরনাপন্ন হতে হয়। বিজাতীয় ইংরেজী ভাষায় প্রদত্ত রায় ও আদেশের জন্য সাধারণ জনগণ প্রতিনিয়ত প্রতারিত হচ্ছেন। জনগণের বিচারালয়, আমাদের সর্বোচ্চ আদালত, বাংলাদেশ সুপ্রিম কোর্ট এ সিদ্দাবাদের দৈত্যের মত বিজাতীয় ইংরেজী ভাষা চেপে বসে আছে। অনতিবিলম্বে এই সিদ্দাবাদের দৈত্যকে অপসারণ না করা গেলে জনগণের কোনো মুক্তি নেই। জনগণ তাই এই জগদল পাথর তথা বিজাতীয় ইংরেজী ভাষায় প্রদত্ত বাংলাদেশ সুপ্রিম কোর্টের রায় ও আদেশ লেখার অবসান চায়।

১০৪. বাংলাদেশের বিচারব্যবস্থা বাংলাদেশের জনগণের জন্য। বাংলাদেশের জনগণের ৯৮ শতাংশ মানুষ বাংলায় কথা বলে। বিচারপ্রার্থী জনগণের বোধগম্য ভাষায় আদালতের কার্যক্রম পরিচালিত না হলে, বিচারব্যবস্থা জনগণের কাছে কল্যাণকর ও গ্রহণীয় হবে না। কারণ আদালত শুধু বিচারক এবং আইনজীবীদের জন্য নয়, আদালতের প্রতিষ্ঠাই হয়েছে জনগণের কল্যাণের জন্য তথা জনগণের প্রয়োজনে। সুতরাং সেই জনগণের বোধগম্য ভাষাতেই আদালতকে অবশ্যই রায় প্রদান করতে হবে।

১০৫. সংবিধানের প্রস্তাবনার প্রথম প্যারায় বলা হয়েছে, ‘জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রাম’ এবং প্রস্তাবনার দ্বিতীয় প্যারায় বলা হয়েছে, ‘যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করা হয়েছিল’ সুতরাং এটা নির্দিষ্ট বলা যায় যে সংবিধানের ‘প্রস্তাবনা’ যেমন সমগ্র সংবিধানের দর্শন তেমনি যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ এবং প্রাণোৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল সেই সকল আদর্শসমূহ এবং জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের ইতিহাস হল ‘প্রস্তাবনার’ দর্শন তথা প্রস্তাবনার অংশ তথা সংবিধানের অংশ। এর থেকে কোন বিচ্যুতি চলবে না। সর্বস্তরে বাংলা ভাষা চালু করা, মাতৃভাষা হবে শিক্ষার বাহন এবং আইন-আদালতের ভাষা হবে বাংলা ইত্যাদি ছিল মহান ভাষা আন্দোলনের শ্লোগান, দাবি তথা আমাদের অন্যতম মহান আদর্শ, যা আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তির সংগ্রামে আত্মনিয়োগ এবং প্রাণ উৎসর্গ করতে উদ্বুদ্ধ করেছিল। রাষ্ট্রভাষা / আন্দোলনই আমাদের জাতীয় মুক্তিসংগ্রামের সূচনা করেছিল।

১০৬. রাষ্ট্রের তিনটি বিভাগের মধ্যে দুটি বিভাগ যথা নির্বাহী বিভাগ ও আইন বিভাগ সংবিধানের নির্দেশনা মোতাবেক বর্তমানে বাংলা ভাষায় তাদের সকল কার্যক্রম সৃষ্ট এবং সুন্দরভাবে করে আসছে। এমনকি রাষ্ট্রের অপর বিভাগ তথা বিচার বিভাগের আওতাধীন অধস্তন আদালতের বিচারকবৃন্দও বর্তমানে প্রায় শতভাগ ক্ষেত্রে বাংলা ভাষায় রায় ও আদেশ প্রদান করে আসছেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, আমাদের সর্বোচ্চ আদালত তথা বাংলাদেশ সুপ্রিম কোর্টের উভয় বিভাগ এখনও

সম্পূর্ণরূপে বাংলা ভাষায় রায় ও আদেশ প্রদান করছে না। এটা আমাদের জন্য নিতান্তই গ্লানির বিষয়। যে বিভাগ তথা বিচার বিভাগ তথা বাংলাদেশ সুপ্রিম কোর্ট সাংবিধানিকভাবে অন্য দুই বিভাগকে সংবিধান মোতাবেক চলার জন্য সবসময় দিকনির্দেশনা দিচ্ছেন সেই প্রতিষ্ঠান নিজেই সংবিধান মোতাবেক বাংলা ভাষায় রায় ও আদেশ লিখছেন না।

১০৭. বাংলাদেশ সুপ্রিম কোর্টের বর্তমানে যে সকল দরখাস্ত দাখিল হয় তার মর্মার্থ অনুধাবন না করে অধিকাংশ বিচারপ্রার্থী তাতে স্বাক্ষর প্রদান করেন। বিচারপ্রার্থীদের বোধগম্য নয় এমন ভাষায় লিখিত দরখাস্ত বা জবাবে তাদের স্বাক্ষর গ্রহণ অন্যায় ও অন্যায়।

১০৮. ১৮৩৫ সালের ২ ফেব্রুয়ারি তারিখে লর্ড ম্যাকাউলের ব্রিটিশ সংসদে বক্তব্য উপস্থাপন করে বলেন যে,

*'I have travelled across the length and breadth of India and I have Not seen one person who is a beggar, who is a thief such wealth I have seen in this country, such high moral values, people of such caliber, that I do not think we would ever conquer this country, unless we break the very backbone of this nation, which is her spiritual and cultural heritage and therefore, I propose that we replace her old and ancient education system, her culture, for if the Indians think that all that is foreign and English is good and greater than their own, they will lose their selfesteem, their native culture and they will become what we want them, a truly dominated nation.'* (আমি ভারতবর্ষের সমগ্র অঞ্চল ঘুরে দেখেছি কিন্তু একজন মানুষও খুঁজে পাইনি যে কিনা ভিক্ষুক, চোর। এমন সম্পদ আমি এদেশে দেখেছি। এত উচ্চমানসম্পন্ন এবং মেধাবী মানুষদেরকে আমি মনে করি না আমরা কখনও জয় করতে পারব, যতক্ষণ না আমরা এই জাতির মেরুদণ্ড তথা তাদের ধর্মীয় ও সাংস্কৃতিক ঐতিহ্য ভাঙতে না পারি। সেজন্য আমি প্রস্তাব রাখছি, আমরা তাদের পুরনো শিক্ষা পদ্ধতির, সংস্কৃতির পরিবর্তন এমনভাবে করব যেন ভারতীয়রা মনে করে ইংলিশ হয় ভাল এবং তাদের থেকে উন্নত। তখন তারা তাদের নিজস্বতা হারাবে, হারাবে তাদের নিজস্ব সংস্কৃতি এবং তারপর তারা পরিণত হবে এমন এক জাতিতে যা আমরা চাই, সত্যিকার বশ্যতা স্বীকারকারী জাতি।)

১০৯. অতঃপর ইংরেজরা আমাদের ভাষা এবং কৃষ্টির ওপর লর্ড ম্যাকাউলের পরামর্শ অনুযায়ী আঘাত করে আমাদের তথা বাংলাসহ সমগ্র ভারতবর্ষকে তাদের তাঁবেদার রাষ্ট্র বা ঔপনিবেশিক কলোনি বানাতে পেরেছিল। তারপর ২০০ বছর যাবৎ ইংরেজরা আমাদের শিখিয়েছে আমাদের প্রাচীন শিক্ষা পদ্ধতি ও আমাদের সংস্কৃতি থেকে ইংরেজী, ইংরেজী শিক্ষা পদ্ধতি এবং সংস্কৃতি ভাল এবং অধিকতর উন্নততর। এভাবে ইংরেজরা বাংলাসহ সমস্ত ভারতবর্ষের সকল প্রাচীন শিক্ষা পদ্ধতি এবং ভাষা, কৃষ্টি ও সংস্কৃতি ধ্বংস করে বাংলাসহ সমস্ত ভারতবর্ষের মানুষদের মেরুদণ্ড ভেঙ্গে দিয়েছে। ইংরেজরা বাংলাসহ সমস্ত ভারতবর্ষের মানুষের মেরুদণ্ড এমনভাবে ভেঙ্গে দিয়েছে যে এখনো আমরা সোজা হয়ে দাঁড়াতে পারছি না। স্বাধীনতা পেয়েও আমরা এখনো পরোক্ষভাবে ইংরেজদের দাসত্ব করে যাচ্ছি।

১১০. ২৫০ বছর যাবৎ (১৭৭৮ থেকে ২০১৭) যে বাংলা ভাষায় আইনচর্চা ও আইন বই প্রকাশ করা হচ্ছে, সেই ভাষায় উচ্চ আদালত তথা বাংলাদেশ সুপ্রিম কোর্ট রায় ও আদেশ দেবেন না, এটা মেনে নেওয়া যায় না। আমি বিশ্বাস করি, এত দিনে বিচার বিভাগের সকল কাজকর্ম বাংলায় সুন্দরভাবে হতো যদি আমরা ঔপনিবেশিক মনমানসিকতা পরিহার করতে পারতাম।

১১১. ১৯৪৭ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্ত্রি, অচঞ্চল কণ্ঠে ঘোষণা করেছিলেন, 'বাংলা ভাষাকে পূর্ব পাকিস্তানের শিক্ষার বাহন ও আইন আদালতের ভাষা করা হউক।' অতঃপর ২১ ফেব্রুয়ারি ১৯৫২, অতঃপর রাষ্ট্রভাষা বাংলার দাবিতে পাকিস্তানি শাসকগোষ্ঠীর পুলিশ বাহিনীর রাইফেলের নলের সামনে বুক পেতে দাঁড়িয়ে আবুল বরকত, আব্দুল জব্বার, রফিকুদ্দিন আহমেদ এবং আব্দুস সালাম নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন। আমাদের একুশে ফেব্রুয়ারির শ্লোগান ছিল- 'মোদের গরব মোদের আশা আ মরি বাংলা ভাষা', 'রাষ্ট্রভাষা বাংলা চাই', 'সর্বস্তরে বাংলা ভাষা চালু কর', 'মাতৃভাষা হবে শিক্ষার বাহন', 'আইন আদালতের ভাষা হবে বাংলা'। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীনের পূর্বেই ১৯৭১ সালের ১৫ ফেব্রুয়ারি বাংলা একাডেমির একুশের অনুষ্ঠানের উদ্বোধনী ভাষণে দীর্ঘকণ্ঠে ঘোষণা করেছিলেন, 'আমি ঘোষণা করছি আমাদের হাতে যেদিন ক্ষমতা আসবে সেদিন থেকেই দেশের সর্বস্তরে বাংলা ভাষা চালু হবে। বাংলা ভাষার পন্ডিতরা পরিভাষা তৈরি করবেন তারপরে বাংলা ভাষা চালু হবে, সে হবে না। পরিভাষাবিদরা যত খুশি গবেষণা করুন। আমরা ক্ষমতা হাতে নেওয়ার সঙ্গে সঙ্গে বাংলা ভাষা চালু করে দেব, সে বাংলা যদি ভুল হয়, তবে ভুলই চালু হবে, পরে তার সংশোধন করা হবে।'

১১২. রাষ্ট্রভাষা আন্দোলন আমাদের জাতীয় মুক্তিসংগ্রামের সূচনা করেছিল। জাতির পিতা জনগণের নিকট দেওয়া তাঁর প্রতিশ্রুতি রেখেছিলেন। তাই তো আমাদের সংবিধানের রাষ্ট্রভাষা বাংলা। বাংলাদেশ পৃথিবীর একমাত্র দেশ; যার সংবিধান বাংলায়

লেখা হয়েছে এবং যার সংবিধানে বর্ণিত রাষ্ট্রভাষা একটি এবং তা হলো বাংলা ভাষা। জন্ম হয়েছে ভাষাভিত্তিক জাতীয়তাবাদের। সংবিধানে অনুচ্ছেদ ৩-এ বলা হয়েছে, প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৮ ডিসেম্বর ১৯৭২ বাংলাদেশ সুপ্রিম কোর্টের উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে তৎকালীন প্রধানমন্ত্রী হিসেবে তাঁর দিকনির্দেশনামূলক বক্তব্যে সুপ্রিম কোর্টের বিচারকদের কালবিলম্ব না করে বাংলায় রায় লেখার আহ্বান জানান। স্বাধীনতার তিন বছর পরও বাংলাদেশের সংবিধান অনুযায়ী রাষ্ট্রভাষা বাংলা থাকা সত্ত্বেও সরকারি অফিস এবং আদালতে অবাধে বিজাতীয় ইংরেজী ভাষার চর্চা চলছিল দেখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অত্যন্ত মর্মান্বিত হন এবং বাংলা ভাষা প্রচলন সংক্রান্ত সরকারী নির্দেশ, ১৯৭৫ রাষ্ট্রপতির সচিবালয়, গণভবন, ঢাকা সংখ্যা ৩০.১২.৭৫, সাধারণ-৭২৯/১(৪০০) ১২ই মার্চ, ১৯৭৫ সরকারি প্রজ্ঞাপন জারি করেন। এতদসত্ত্বেও বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী, বেসরকারী অফিস এবং সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টসহ সকল আদালতে পরভাষা তথা বিজাতীয় ভাষা তথা ইংরেজী ভাষার ব্যবহার করা হবে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অবমাননা, জাতীয় চার নেতার প্রতি অবমাননা, ৩০ (ত্রিশ) লক্ষ শহীদের প্রতি অবমাননা, মহান মুক্তিযুদ্ধে সন্ত্রাস হারানো দুই লক্ষ মা-বোনের প্রতি অবমাননা, মহান মুক্তিযুদ্ধে যে সকল পরিবার তাদের আপনজন হারিয়েছেন তাদের প্রতি অবমাননা এবং সর্বোপরি ভাষা শহীদ সালাম, রফিক, বরকত, জব্বার এবং শফিউর রহমানসহ সকল শহীদের প্রতি অবমাননা।

১১৩. আসাদুজ্জামান বনাম বাংলাদেশ (৮ এএলআর ২০১৬ (২) অনুচ্ছেদ ২৯৫) মোকদ্দমায় সিদ্ধান্ত প্রদান করা হয় যে, “সংবিধান মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রাষ্ট্রভাষা একমাত্র ‘বাংলা ভাষা’।”

১১৪. হাইকোর্ট বিভাগের সিদ্ধান্ত এই যে, সংবিধানের অনুচ্ছেদ ৭ মোতাবেক এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন। সাংবিধানিক পদাধিকারী সকল ব্যক্তি এই মর্মে শপথ পাঠ করেন যে, তিনি এই সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করবেন। সূত্রাং সংবিধানের নির্দেশনা অনুযায়ী প্রজাতন্ত্রের সকল কর্ম শুধুমাত্র বাংলা ভাষায় হবে। এর অন্যথা অর্থ সংবিধান ভঙ্গ করা। সংবিধান মোতাবেক প্রজাতন্ত্রের তিনটি বিভাগ। আইন বিভাগ, নিবাহী বিভাগ এবং বিচার বিভাগ। সংবিধান মোতাবেক উপর্যুক্ত তিনটি বিভাগেরই একমাত্র ভাষা ‘বাংলা ভাষা’।

১১৫. শুধু ২১শে ফেব্রুয়ারিতে শহীদ মিনারে ফুল দিয়ে ভাষার প্রতি দায়িত্ব পালন করলে চলবে না। বাংলাদেশ সুপ্রিম কোর্টসহ সকল আদালতে বাংলা ভাষা ব্যবহার নিশ্চিত করতে হলে বাংলাদেশের সকল আইনের ছাত্র এবং শিক্ষককেও যেমনি বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে তেমনি সুপ্রিম কোর্টের বিজ্ঞ এডভোকেটগণসহ বাংলাদেশের সকল বিজ্ঞ এডভোকেটগণকে এবং সুপ্রিম কোর্টের বিচারপতিগণসহ বাংলাদেশের সকল বিচারককে সকল দ্বিধা সংকোচ কাটিয়ে উঠে বলিষ্ঠ ভূমিকা পালন করতে হবে।

১১৬. ভাষার জন্য রক্ত দিতে হবে না, জীবন দিতে হবে না। ভাষার জন্য শুধু বাংলায় আইন পড়া এবং পাঠদান করতে হবে। বাংলাদেশের সকল এডভোকেটগণ বাংলায় দরখাস্ত লিখলে এবং বাংলাদেশের সকল বিচারপতি এবং বিচারকগণ বাংলায় রায় লিখলেই শহীদদের প্রতি যথাযথ শ্রদ্ধা জানানো হবে। আর সেটাই হবে মাতৃভাষার জন্য সত্যিকারের ভালোবাসা ও শ্রদ্ধার প্রকাশ।

১১৭. বাংলা ভাষায় সাহিত্য রচনা করে ১৯১৩ সালে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছিলেন। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ ই মার্চ ১৯৭১ সালে ঢাকার রেসকোর্স ময়দানে পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ভাষণ প্রদান করেন বাংলা ভাষায়। যার স্বীকৃতি হিসেবে ইউনেস্কো কর্তৃক ৭ই মার্চের উপরিলিখিত ভাষণটি Memory of the World International- এ রেজিস্ট্রিভুক্ত হয়। আমাদের সংবিধান পৃথিবীর একমাত্র সংবিধান যা বাংলায় রচিত হয়েছে। জাতিসংঘের অধিবেশনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর প্রথম বাংলা ভাষায় ভাষণ প্রদান করেন। জাতিসংঘের ৬৪তম সাধারণ অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাকে জাতিসংঘের অফিসিয়াল ভাষা করার প্রস্তাব করেন যার বাস্তবায়ন শুধুমাত্র সময়ের ব্যাপার। পৃথিবীর সকল কথ্য ভাষার মধ্যে বাংলা ভাষা চতুর্থ অর্থাৎ বাংলা ভাষা পৃথিবীর চতুর্থ কথা বলার ভাষা। বর্তমানে আনুমানিক ২০০ মিলিয়ন লোক বাংলা ভাষায় কথা বলে। বাংলা ভাষার দাবিতে রক্ত দানকারী শহীদদের স্মরণে যে দিনটি পালন করা হয় সেই দিনটি তথা ২১ শে ফেব্রুয়ারী আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে। বর্তমানে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ মহাকাশে প্রেরণের মাধ্যমে আমাদের প্রিয় ভাষা বাংলা ভাষা মহাকাশে শোভা পাচ্ছে। মহাকাশে শোভা পাচ্ছে বাংলায় লেখা ‘জয় বাংলা’।

১১৮. আইন হল শব্দমালার ঘোষণা। আইন ভাষার মাধ্যমে প্রকাশ করা হয়। আইনের ব্যাখ্যাও ভাষার মাধ্যমে প্রদান করা হয়। আইন ভাষার মাধ্যমে বিধিবদ্ধ বা লিখিত হয়। আইনের সকল প্রক্রিয়া ভাষার মধ্যস্থতায় সম্পন্ন হয়ে থাকে। আইন ব্যবস্থা একটি সমাজের বিশ্বাস এবং মূল্যবোধকে কার্যকর রাখে এবং এটি জীবনের বিভিন্ন দিকের ভিতর দিয়ে প্রবাহিত হয়, এমনকি জনপ্রতিনিধির দায়িত্ব থেকে গৃহস্থ চুক্তি পর্যন্ত সবকিছু। সেজন্য আইনের ভাষা সত্যিকারভাবেই অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরাসরিভাবে



বলতে গেলে যখন ভাষাবিদ বা ভাষাবিজ্ঞানী যখন সত্যিকার বাস্তব অবস্থায় ভাষা ব্যবহার করেন তখনই ভাষার ব্যাপারটি তথা ভাষার সমস্যাটি সামনে আসে।

১১৯. আইন ভাষার মাধ্যমে প্রকাশ করা হয়। আইন ভাষার বন্ধনে আবদ্ধ। ভাষা যতদূর বোধগম্য, বক্তব্যের অর্থও ততটুকু। এখানে ভাষা অর্থ প্রতিটি দেশ ও জাতির নিজস্ব ভাষা আমাদের যেমন বাংলা ভাষা, ইংরেজদের ইংরেজী ভাষা, চায়নীজদের চীনা ভাষা ইত্যাদি। কথায় আছে, 'এক দেশের গালি অন্য দেশের বুলি' অর্থাৎ এক দেশে যে শব্দকে খারাপ অর্থে ব্যবহার করা হয়, সে শব্দই অন্য দেশে ভালো অর্থে ব্যবহার করা হয়। আমাদের আইনের ব্যাখ্যা যদি চাইনিজ ভাষায় হতো তাহলে কি হতো?

১২০. ভাষা স্থির, কিন্তু মানুষের মনের ভাব অস্থির। অস্থিরকে স্থিরের সাথে মিলানো অসম্ভব না হলেও কষ্টকর। এই কষ্টকর কিন্তু প্রয়োজনীয় কাজ অনেক সময় ব্যাখ্যা দ্বারা নিষ্পন্ন করতে হয়। মনের ভাব যে ভাষার সীমায় আবদ্ধ, সেই সীমায় তাকে গ্রহণ করতে হয়। আইন ব্যাখ্যার সময় চিন্তাকে ভাষার বন্ধনের বাইরে যেতে দেয়া যায় না। শব্দের অর্থ যেখানে স্পষ্ট, সেখানে ব্যাখ্যার জন্য শব্দই যথেষ্ট।

১২১. মনে রাখতে হবে বাঙালি কোন ব্যক্তির সাথে কোন ইংরেজের চুক্তি ইংরেজী ভাষায় হলে সে চুক্তিতে ইংরেজদের জেতার সম্ভাবনা বেশী থাকবে তেমনি উক্ত চুক্তি বাংলা ভাষায় করা হলে বাঙালিদের জেতার সম্ভাবনা বেশী হতে বাধ্য। এটাই ভাষার শক্তি।

১২২. যেসব কারণে আমাদের দেশের সাধারণ জনগণ বিচার ব্যবস্থার পরিপূর্ণ সুফল পাচ্ছে না এবং যে সকল কারণে আমাদের আদালতসমূহের অনিষ্পত্তিকৃত মামলা মোকদ্দমার পাহাড় হচ্ছে এবং যেসব কারণে মামলা মোকদ্দমা দীর্ঘসূত্রিতার বেড়াজালে আবদ্ধ হচ্ছে সে সবের মধ্যে অন্যতম দুটি হলঃ

প্রথমত, ফৌজদারী কার্যবিধি, দন্ডবিধি, দেওয়ানী কার্যবিধি এবং সাক্ষ্য আইনসহ গুরুত্বপূর্ণ বেশির ভাগ আইন এখনও ইংরেজীতে বিদ্যমান থাকা এবং সেসব আইনের বাংলায় অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ না থাকা। এবং

দ্বিতীয়ত, আমাদের দেশে প্রচলিত ইংরেজী এবং বাংলা উভয় ভাষায় প্রণীত সকল আইনের ব্যাখ্যা উচ্চ আদালত তথা বাংলাদেশ সুপ্রিম কোর্ট কর্তৃক শুধুমাত্র ইংরেজীতে প্রদান করা।

১২৩. আমাদের মহান জাতীয় সংসদ এর নিকট জাতির আকুল প্রত্যাশা ফৌজদারী কার্যবিধি, দন্ডবিধি, দেওয়ানী কার্যবিধি এবং সাক্ষ্য আইনসহ বাংলাদেশে প্রচলিত ইংরেজী ভাষায় প্রণীত সকল আইন যেন অনতিবিলম্বে বাংলা ভাষায় নতুন করে প্রণয়ন করা হয় এবং সে সকল আইনের মূল বাংলা পাঠের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ যেন প্রকাশ করা হয়।

১২৪. **বর্তমান মোকদ্দমার আলোচিত আইনটি তথা মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ মহান জাতীয় সংসদ কর্তৃক বাংলায় প্রণীত একটি আইন। সুতরাং সংবিধান মোতাবেক এর ব্যাখ্যাও বাংলায়ই প্রদান করতে হবে।**

১২৫. **অপরাধ, ফৌজদারী মামলা মোকদ্দমা এবং ফৌজদারী কার্যবিধি**

অপরাধকে সভ্যতার অবদান বলা হয়। যতদিন সভ্যতা ছিল না ততদিন অপরাধও ছিল না। সভ্যতার উন্মেষের পূর্বে যে যা খুশি করতে পারত। এরপর সময়ের ক্রমবিবর্তনে সভ্যতার অগ্রগতির নিরিখে অনেক কাজকে অপরাধ বলে চিহ্নিত করা হলো এবং সামাজিক সম্মতির ভিত্তিতে সেসব অপরাধের সাজাও নির্ধারণ করা হলো। এভাবেই অপরাধ ধারণাটির শুরু।

১২৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে ফৌজদারী মামলা মোকদ্দমাসমূহ মূলত ১৮৬০ সালের দন্ডবিধি, ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি এবং ১৮৭২ সালের সাক্ষ্য আইন দ্বারা পরিচালিত হয়ে আসছে। এছাড়াও কতিপয় বিশেষ আইন প্রণয়নের মাধ্যমে বিশেষ বিশেষ ফৌজদারী অপরাধসমূহের বিচার কার্য পরিচালিত হয়ে আসছে। যেমন- নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০; জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০; দ্রুত বিচার আইন, ২০০২; দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪; সন্ত্রাসমূলক অপরাধ দমন আইন, ১৯৯২ এবং মানি লভারিং প্রতিরোধ আইন, ২০১২ ইত্যাদি।

১২৭. ফৌজদারী কার্যবিধি এবং দন্ডবিধি এককভাবে স্বয়ংসম্পূর্ণ কোন আইন নয়। এরা একে অন্যের উপর নির্ভরশীল। দন্ডবিধিতে অপরাধের সংজ্ঞা এবং শাস্তির বিষয়ে বলা হয়েছে। অপরদিকে দন্ডবিধিতে যে সকল অপরাধসমূহের কথা বলা হয়েছে সে সকল অপরাধের অভিযোগ কোথায় এবং কিভাবে দায়ের করতে হবে, তদন্ত এবং অনুসন্ধান কি পদ্ধতিতে করতে হবে এবং কি প্রক্রিয়ায় উক্ত অপরাধ এর বিচার করতে হবে সে সম্পর্কে ফৌজদারী কার্যবিধিতে বিস্তারিত বলা হয়েছে। এছাড়া অপরাধ যাতে সংঘটন না হতে পারে সে সংক্রান্তে তথা অপরাধ প্রতিরোধের বিষয়েও ফৌজদারী কার্যবিধিতে বলা হয়েছে। এছাড়াও কতিপয় বিশেষ বিশেষ আইনে বর্ণিত অপরাধের অভিযোগ, তদন্ত, অনুসন্ধান এবং বিচার পদ্ধতি ফৌজদারী কার্যবিধি মোতাবেক পরিচালিত হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট বিশেষ আইনে বলা হয়েছে।

১২৮. অপরদিকে, কতিপয় বিশেষ আইন প্রণয়ন করে কতিপয় বিশেষ বিশেষ অপরাধ এর সংজ্ঞা এবং উক্ত অপরাধ সমূহের দণ্ড সম্পর্কে বলা হয়েছে। উক্ত বিশেষ আইনসমূহের কোনটিতে উক্তরূপ বিশেষ অপরাধের বিষয়ে কিভাবে আদালতে অভিযোগ দায়ের করতে হবে, কিভাবে তদন্ত পরিচালিত হবে এবং কিভাবে তদন্ত এবং বিচার করতে হবে সে সম্পর্কে বলা হয়েছে। আবার কোনটিতে অভিযোগ দায়ের, তদন্ত এবং বিচার পদ্ধতি ফৌজদারী কার্যবিধি মোতাবেক সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উদাহরণস্বরূপ জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ এর ২১ ধারার বিধানাবলী প্রণিধানযোগ্য। ধারা ২১ এর বিধান নিম্নরূপঃ

“২১। ফৌজদারী কার্যবিধির প্রয়োগ, ইত্যাদি। (১) এই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে, কোন অপরাধের অভিযোগ দায়ের বা প্রাথমিক তথ্য সরবরাহ, তদন্ত, বিচার পূর্ববর্তী কার্যক্রম, বিচার ও আপীল নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে এবং ট্রাইব্যুনাল একটি দায়রা আদালত বলিয়া গণ্য হইবে এবং এই আইনের অধীন যে কোন অপরাধ বা এই আইন অনুসারে অন্য কোন অপরাধ বিচারের ক্ষেত্রে দায়রা আদালতের সকল ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে।

(২) এই আইনের অধীন দণ্ডনীয় সকল অপরাধ, এই আইনের বিধানাবলীর সাপেক্ষে, বিচারার্থ গ্রহণীয় (cognizable) এবং অ-জামিনযোগ্য Non-cognizable) হইবে।

(৩) ট্রাইব্যুনালে অভিযোগকারীর পক্ষে মামলা পরিচালনাকারী ব্যক্তি পাবলিক প্রসিকিউটর বলিয়া গণ্য হইবেন।”

১২৯. অনুরূপভাবে এসিড অপরাধ দমন আইন, ২০০২ এর ধারা ২২ নিম্নরূপঃ

“২২। (১) এই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে, কোন অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হইবে।

(২) ট্রাইব্যুনাল একটি আদালত বলিয়া গণ্য হইবে এবং এই আইনের অধীন যে-কোন অপরাধ বা তদনুসারে অন্য কোন অপরাধ বিচারের ক্ষেত্রে দায়রা আদালতের সকল ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে।

(৩) ট্রাইব্যুনালে অভিযোগকারীর পক্ষে মামলা পরিচালনাকারী ব্যক্তি পাবলিক প্রসিকিউটর বলিয়া গণ্য হইবেন।”

১৩০. উপরিষ্টিত জননিরাপত্তা (বিশেষ বিধান) আইন, ২০০০ এর ধারা ২১ এবং এসিড অপরাধ দমন আইন, ২০০২ এর ধারা ২২ এর সহজ সরল পাঠে এটা কাঁচের মত পরিষ্কার যে, উক্ত দুটি আইনে অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হবে বলা আছে।

১৩১. অপরদিকে এ সংক্রান্তে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর বিধান নিম্নরূপ। এ প্রসঙ্গে উক্ত আইনের ধারা ১৭ প্রণিধানযোগ্য যা নিম্নরূপঃ

“১৭। কমিশনের কার্যাবলি।-কমিশন নিম্নবর্ণিত সকল বা যে কোন কার্য সম্পাদন করিতে পারিবে, যথাঃ- (ক) তফসিলে উল্লেখিত অপরাধসমূহের অনুসন্ধান ও তদন্ত পরিচালনা;

(খ) অনুচ্ছেদ (ক) এর অধীন অনুসন্ধান ও তদন্ত পরিচালনার ভিত্তিতে এই আইনের অধীন মামলা দায়ের ও পরিচালনা;

(গ) দুর্নীতি সম্পর্কিত কোন অভিযোগ স্বউদ্যোগে বা ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে অনুসন্ধান;

(ঘ) দুর্নীতি দমন বিষয়ে আইন দ্বারা কমিশনকে অর্পিত যে কোন দায়িত্ব পালন করা;

(ঙ) দুর্নীতি প্রতিরোধের জন্য কোন আইনের অধীন স্বীকৃত ব্যবস্থাদি পর্যালোচনা এবং কার্যকর বাস্তবায়নের জন্য রাষ্ট্রপতির নিকট সুপারিশ পেশ করা;

(চ) দুর্নীতি প্রতিরোধের বিষয়ে গবেষণা পরিকল্পনা তৈরি করা এবং গবেষণালব্ধ ফলাফলের ভিত্তিতে করণীয় সম্পর্কে রাষ্ট্রপতির নিকট সুপারিশ পেশ করা;

(ছ) দুর্নীতি প্রতিরোধের লক্ষ্য সত্যতা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়িয়া তোলার ব্যবস্থা করা;

(জ) কমিশনের কার্যাবলি বা দায়িত্বের মধ্যে পড়ে এমন সকল বিষয়ের উপর সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ইত্যাদি অনুষ্ঠানের ব্যবস্থা করা;

(ঝ) আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষিতে বাংলাদেশে বিদ্যমান বিভিন্ন প্রকার দুর্নীতির উৎস চিহ্নিত করা এবং তদনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রাষ্ট্রপতির নিকট সুপারিশ পেশ করা;

(ঞ) দুর্নীতির অনুসন্ধান, তদন্ত, মামলা দায়ের এবং উক্তরূপ অনুসন্ধান, তদন্ত ও মামলা দায়েরের ক্ষেত্রে কমিশনের অনুমোদন পদ্ধতি নির্ধারণ করা; এবং

(ট) দুর্নীতি প্রতিরোধের জন্য প্রয়োজনীয় বিবেচিত অন্য যে কোন কার্য সম্পাদন করা। ”

১৩২. অনুরূপভাবে নারীও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ধারা ১৮, ১৯ এবং ২০-এ উক্ত আইনের অধীনে সংঘটিত অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধি ব্যতিরেকে বিশেষ কার্যপদ্ধতি অনুসরণ করার বিধান রয়েছে যা নিম্নরূপঃ

[১৮। অপরাধের তদন্ত]- (১) ফৌজদারী কার্যবিধিতে ভিন্নতর যাহা কিছই থাকুক না কেন, এই আইনের অধীন কোন অপরাধের তদন্ত-

(ক) অভিযুক্ত ব্যক্তি অপরাধ সংঘটনের সময়ে হাতেনাতে পুলিশ কর্তৃক ধৃত হইলে বা অন্য কোন ব্যক্তি কর্তৃক ধৃত হইয়া পুলিশের নিকট সোপর্দ হইলে, তাহার ধৃত হইবার তারিখ হইতে পরবর্তী পনের কার্য দিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে; অথবা

(খ) অভিযুক্ত ব্যক্তি অপরাধ সংঘটনের সময়ে হাতেনাতে ধৃত না হইলে তাহার অপরাধ সংঘটন সংক্রান্ত প্রাথমিক তথ্য প্রাপ্তি বা ক্ষেত্রমত, সংশ্লিষ্ট কর্মকর্তা বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অথবা ট্রাইব্যুনালের নিকট হইতে তদন্তের আদেশ প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী ষাট কার্য দিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(২) কোন যুক্তিসংগত কারণে উপ-ধারা (১)-এ উল্লিখিত সময়ের মধ্যে তদন্তকার্য সমাপ্ত করা সম্ভব না হইলে, তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিবদ্ধ করিয়া অতিরিক্ত ত্রিশ কার্য দিবসের মধ্যে অপরাধের তদন্ত কার্য সম্পন্ন করিবেন এবং তৎসম্পর্কে কারণ উল্লেখ পূর্বক তাহার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বা, ক্ষেত্রমত, তদন্তের আদেশ প্রদানকারী ট্রাইব্যুনালকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৩) উপ-ধারা (২)-এ উল্লিখিত সময়সীমার মধ্যেও তদন্তকার্য সম্পন্ন করা না হইলে, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা উক্ত সময়সীমা অতিক্রান্ত হইবার চব্বিশ ঘণ্টার মধ্যে উক্তরূপ তদন্তকার্য সম্পন্ন না হওয়া সম্পর্কে তাহার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কিংবা তদন্তের আদেশ প্রদানকারী ট্রাইব্যুনালকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৪) উপ-ধারা (৩) এর অধীন তদন্তকার্য সম্পন্ন না হওয়া সম্পর্কে অবহিত হইবার পর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কিংবা, ক্ষেত্রমত, তদন্তের আদেশ প্রদানকারী ট্রাইব্যুনাল উক্ত অপরাধের তদন্তভার অন্য কোন কর্মকর্তার নিকট হস্তান্তর করিতে পারিবেন এবং উক্তরূপে কোন অপরাধের তদন্তভার হস্তান্তর করা হইলে তদন্তের ভারপ্রাপ্ত কর্মকর্তা-

(ক) অভিযুক্ত ব্যক্তি অপরাধ সংঘটনের সময়ে হাতেনাতে পুলিশ কর্তৃক ধৃত হইলে বা অন্য কোন ব্যক্তি কর্তৃক ধৃত হইয়া পুলিশের নিকট সোপর্দ হইলে, তদন্তের আদেশ প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী সাত কার্য দিবসের মধ্যে সম্পন্ন করিবেন; অথবা

(খ) অন্যান্য ক্ষেত্রে তদন্তের আদেশ প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী ত্রিশ কার্য দিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

(৫) উপ-ধারা (৪) এ উল্লিখিত সময়সীমার মধ্যেও তদন্তকার্য সম্পন্ন করা না হইলে, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা উক্ত সময়সীমা অতিক্রান্ত হইবার চব্বিশ ঘণ্টার মধ্যে উক্তরূপ তদন্তকার্য সম্পন্ন না হওয়া সম্পর্কে তাহার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কিংবা, ক্ষেত্রমত, তদন্তের আদেশ প্রদানকারী ট্রাইব্যুনালকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৬) উপ-ধারা (২) বা উপ-ধারা (৪)-এ উল্লিখিত সময়সীমার মধ্যে কোন তদন্তকার্য সম্পন্ন না করার ক্ষেত্রে, তৎসম্পর্কে ব্যাখ্যা সম্বলিত প্রতিবেদন পর্যালোচনার পর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কিংবা, ক্ষেত্রমত, তদন্তের আদেশ প্রদানকারী ট্রাইব্যুনাল যদি এই সিদ্ধান্তে উপনীত হন যে, নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন না হওয়ার জন্য সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাই দায়ী, তাহা হইলে উহা দায়ী ব্যক্তির অদক্ষতা ও অসদাচরণ বলিয়া বিবেচিত হইবে এবং এই অদক্ষতা ও অসদাচরণ তাহার বার্ষিক গোপনীয় প্রতিবেদনে লিপিবদ্ধ করা হইবে এবং উপযুক্ত ক্ষেত্রে চাকরি বিধিমালা অনুযায়ী তাহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৭) তদন্ত প্রতিবেদন দাখিলের পর যদি ট্রাইব্যুনাল তদন্ত সংশ্লিষ্ট তথ্যাদি পর্যালোচনা করিয়া এই মর্মে সন্তুষ্ট হয় যে, তদন্ত প্রতিবেদনে আসামী হিসাবে উল্লিখিত কোন ব্যক্তিকে ন্যায়বিচারের স্বার্থে সাক্ষী করা বাঞ্ছনীয়, তবে উক্ত ব্যক্তিকে আসামীর পরিবর্তে সাক্ষী হিসাবে গণ্য করিবার নির্দেশ দিতে পারিবে।

(৮) যদি মামলার সাক্ষ্য গ্রহণ সমাপ্তির পর ট্রাইব্যুনালের নিকট প্রতীয়মান হয় যে, এই আইনের অধীন কোন অপরাধের তদন্তকারী কর্মকর্তা কোন ব্যক্তিকে অপরাধের দায় হইতে রক্ষা করার উদ্দেশ্যে বা তদন্তকার্যে গাফিলতির মাধ্যমে অপরাধটি প্রমাণে ব্যবহারযোগ্য কোন আলামত সংগ্রহ বা বিবেচনা না করিয়া বা মামলার প্রমাণের প্রয়োজন ব্যতিরেকে উক্ত ব্যক্তিকে আসামীর পরিবর্তে সাক্ষী করিয়া বা কোন গুরুত্বপূর্ণ সাক্ষীকে পরীক্ষা না করিয়া তদন্ত প্রতিবেদন দাখিল করিয়াছেন, তাহা হইলে উক্ত তদন্তকারী কর্মকর্তার বিরুদ্ধে উক্ত কার্য বা অবহেলাকে অদক্ষতা বা, ক্ষেত্রমত, অসদাচরণ হিসাবে চিহ্নিত করিয়া ট্রাইব্যুনাল উক্ত কর্মকর্তার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে তাহার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিতে পারিবে।

(৯) ট্রাইব্যুনাল কোন আবেদনের প্রেক্ষিতে বা অন্য কোন তথ্যের ভিত্তিতে কোন তদন্তকারী কর্মকর্তার পরিবর্তে অন্য কোন তদন্তকারী কর্মকর্তা নিয়োগের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিতে পারিবে।

১৯। অপরাধ বিচারার্থ গ্রহণ, ইত্যাদি।-(১) এই আইনের অধীন দণ্ডনীয় সকল অপরাধ বিচারার্থ গ্রহণীয় (cognizable) হইবে।

(২) উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে, এই আইনের অধীন শাস্তিযোগ্য অপরাধ সংঘটনে জড়িত মূল এবং প্রত্যক্ষভাবে অভিযুক্ত কোন ব্যক্তিকে জামিনে মুক্তি দেওয়া হইবে না, যদি-

(ক) তাহাকে মুক্তি দেওয়ার আবেদনের উপর অভিযোগকারী পক্ষকে শুনানির সুযোগ দেওয়া না হয়; এবং

(খ) তাহার বিরুদ্ধে আনীত অভিযোগে তিনি দোষী সাব্যস্ত হওয়ার যুক্তিসংগত কারণ রহিয়াছে মর্মে ট্রাইব্যুনাল সন্তুষ্ট হন।



(৩) উপ-ধারা (২)-এ উল্লিখিত কোন ব্যক্তি নারী বা শিশু হইলে কিংবা শারীরিকভাবে অসুস্থ (sick or infirm) হইলে, সেইক্ষেত্রে উক্ত ব্যক্তিকে জামিনে মুক্তি দেওয়ার কারণে ন্যায় বিচার বিঘ্নিত হইবে না মর্মে ট্রাইব্যুনাল সন্তুষ্ট হইলে তাহাকে জামিনে মুক্তি দেওয়া যাইবে।

(৪) উপ-ধারা (২)-এ উল্লিখিত ব্যক্তি ব্যতীত এই আইনের অধীন অপরাধ সংঘটনের জন্য অভিযুক্ত অন্য কোন ব্যক্তিকে জামিনে মুক্তি দেওয়া ন্যায়সংগত হইবে মর্মে ট্রাইব্যুনাল সন্তুষ্ট হইলে তদমর্মে কারণ লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট ব্যক্তিকে ট্রাইব্যুনাল জামিনে মুক্তি দিতে পারিবে।

২০। বিচার পদ্ধতি-(১) এই আইনের অধীন কোন অপরাধের বিচার কেবলমাত্র ধারা ২৫ এর অধীন গঠিত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে বিচারযোগ্য হইবে।

(২) ট্রাইব্যুনালে মামলার শুনানী শুরু হইলে উহা শেষ না হওয়া পর্যন্ত প্রতি কর্মদিবসে একটানা চলিবে।

(৩) বিচারের জন্য মামলা প্রাপ্তির তারিখ হইতে একশত আশি দিনের মধ্যে ট্রাইব্যুনাল বিচারকার্য সমাপ্ত করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন সময়সীমার মধ্যে মামলার বিচারকার্য সমাপ্ত না হইলে, ট্রাইব্যুনাল মামলার আসামীকে জামিনে মুক্তি দিতে পারিবে এবং আসামীকে জামিনে মুক্তি দেওয়া না হইলে ট্রাইব্যুনাল উহার কারণ লিপিবদ্ধ করিবে।

(৫) কোন মামলার বিচারকার্য শেষ না করিয়া যদি কোন ট্রাইব্যুনাল বিচারক বদলী হইয়া যান, তাহা হইলে তিনি বিচারকার্যের যে পর্যায়ে মামলাটি রাখিয়া গিয়াছেন, সেই পর্যায় হইতে তাহার স্থলাভিষিক্ত বিচারক বিচার করিবেন এবং তাহার পূর্ববর্তী বিচারক যে সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করিয়াছেন সেই সাক্ষীর সাক্ষ্য পুনরায় গ্রহণ করার প্রয়োজন হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, ন্যায়বিচারের স্বার্থে যদি বিচারক কোন সাক্ষীর সাক্ষ্য পুনরায় গ্রহণ করা অপরিহার্য বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে এমন যে কোন সাক্ষীকে তলব করিয়া পুনরায় তাহার সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন।

(৬) কোন ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে কিংবা ট্রাইব্যুনাল স্বীয় বিবেচনায় উপযুক্ত মনে করিলে এই আইনের ধারা ৯ এর অধীন অপরাধের বিচার কার্যক্রম রুদ্ধদ্বার কক্ষে (trial in camera) অনুষ্ঠান করিতে পারিবে।

(৭) কোন শিশু এই আইনের অধীন অপরাধ সংঘটনের অভিযোগে অভিযুক্ত হইলে বা উক্ত অপরাধের সাক্ষী হইলে তাহার ক্ষেত্রে Children Act, 1974 (XXXIX of 1974) এর বিধানাবলী যতদূর সম্ভব অনুসরণ করিতে হইবে।

(৮) কোন নারী বা শিশুকে নিরাপত্তা হেফাজতে রাখিবার আদেশ প্রদানের ক্ষেত্রে ট্রাইব্যুনাল, উক্ত নারী বা শিশুর কল্যাণ ও স্বার্থ রক্ষার্থে তাহার মতামত গ্রহণ ও বিবেচনা করিবে।

১৩৩. উপরিলিখিত দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ধারা ১৭ এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ এর ধারা ১৮, ১৯ এবং ২০ এর সহজ সরল পাঠে এটা কাঁচের মত পরিষ্কার যে, উক্ত দুটি আইনে বর্ণিত অপরাধের বিষয়ে অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও নিষ্পত্তির ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হবে না। উপর্যুক্ত আইন দুটি পর্যালোচনায় এটা আরও স্পষ্ট যে, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এ বর্ণিত অপরাধসমূহের সংশ্লিষ্টতায় অভিযোগ দায়ের, তদন্ত, বিচার ও নিষ্পত্তি সংক্রান্তে উপরিলিখিত আইন দুটিতে যে বিস্তারিত পদ্ধতি বর্ণনা করা হয়েছে তা অনুসরণ করতে হবে। সুতরাং উপরিলিখিত দুটি আইনের অধীনে সংঘটিত অপরাধের বিষয়ে ফৌজদারী কার্যবিধির বিধানাবলী প্রযোজ্য হবে না।

১৩৪. তাই উপর্যুক্ত আলোচনার নিরিখে এ সিদ্ধানে উপনীত হওয়া যায় যে বাংলাদেশে কিছু বিশেষ বিশেষ আইন প্রচলিত আছে এবং সেসব বিশেষ আইনে যে বিশেষ কার্যবিধির বিবরণ আছে ত্রিসব বিশেষ আইনের ক্ষেত্রে কেবল তাই প্রযোজ্য হবে, ফৌজদারী কার্যবিধি প্রযোজ্য হবে না। তবে ঐ বিশেষ আইনে যদি ফৌজদারী কার্যবিধি প্রযোজ্য হবে বলা থাকে তবে ফৌজদারী কার্যবিধি প্রযুক্ত হবে। অর্থাৎ, সেক্ষেত্রে উক্ত বিশেষ আইনে বর্ণিত অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার সম্পর্কে যদি বিশেষ কিছু বলা না থাকে সেক্ষেত্রে উক্ত বিশেষ আইনে বর্ণিত অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার এর ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধি প্রযোজ্য হবে। অর্থাৎ ফৌজদারী কার্যবিধির বিধান প্রযুক্ত হওয়া সম্পর্কে বিপরীত বিধান না থাকলে সকল ফৌজদারী বিষয়ে ফৌজদারী কার্যবিধিই প্রযোজ্য হবে।

১৩৫. আইনের সুপ্রতিষ্ঠিত নীতি হল বিশেষ বিধান সাধারণ বিধানের উপরে স্থান পায়। অন্যভাবে বলা যায় যে বিশেষ বিধান সাধারণ বিধানকে অকার্যকর করে। সুতরাং বিশেষ বিশেষ অপরাধের জন্য প্রণীত বিশেষ বিশেষ আইনে উক্ত অপরাধসমূহের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার সম্পর্কে যে পদ্ধতি বলা থাকবে সে পদ্ধতি তথা কার্যধারা মোতাবেক উক্ত অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার করতে হবে। এ কারণে বিশেষ আইনে বর্ণিত অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচারের ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির কোন বিধি বিধান কার্যকর থাকবে না।

১৩৬. ফৌজদারী কার্যবিধির ১(২) ধারা মোতাবেক ফৌজদারী কার্যবিধির কোন বিধি বিধানই বিদ্যমান কোন বিশেষ আইন বা কোন বিশেষ এখতিয়ার বা ক্ষমতা বা অন্য কোন আইন দ্বারা বিদ্যমান কোন বিশেষ কার্যধারাকে প্রভাবিত করবে না। সহজ সরলভাবে বলা যায় ফৌজদারী কার্যবিধির ধারা ১ উপ-ধারা ২ এর বক্তব্য অনুযায়ী সুনির্দিষ্ট বিধান ব্যতিরেকে ফৌজদারী কার্যবিধির কোন বিধি বিধানই বিশেষ আইনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।



১৩৭. এ প্রসঙ্গে ফৌজদারী কার্যবিধির ধারা ৫ গুরুত্বপূর্ণ বিধায় তা উদ্ধৃত হলোঃ

*“5.(1) All offences under the Penal Code shall be investigated, inquired into, tried, and otherwise dealt with according to the provisions hereinafter contained.*

*(2) All offences under any other law shall be investigated, inquired into, tried, and otherwise dealt with according to the same provisions, but subject to any enactment for the time being in force regulating the manner or place of investigating, inquiring into, trying or otherwise dealing with such offences.”*

১৩৮. অর্থাৎ ফৌজদারী কার্যবিধির ধারা ৫ উপধারা (২) এর বিধান মোতাবেক দণ্ডবিধি ছাড়াও অন্য সকল আইনে বর্ণিত অপরাধের তদন্ত, অনুসন্ধান এবং বিচার ফৌজদারী কার্যবিধি অনুসারে হবে। তবে অপরাধের তদন্ত, ইনকোয়ারী, বিচার ও অথবা অন্য কোন ব্যবস্থা গ্রহণের পদ্ধতি অথবা স্থান সম্পর্কে সংশ্লিষ্ট বিশেষ আইনে বিপরীত বা বিশেষ বিধান থাকলে ফৌজদারী কার্যবিধি প্রযোজ্য হবে না।

১৩৯. এ বিষয়ে ফৌজদারী কার্যবিধির ২৯ ধারা প্রণিধানযোগ্য বিধায় উদ্ধৃত হলোঃ

*“29(1) Subject to the other provisions of this Code, any offence under any other law shall, when any Court is mentioned in this behalf in such law, be tried by such Court.”*

১৪০. অর্থাৎ কোন বিশেষ আইনে বর্ণিত কোন অপরাধের বিচার এর বিষয়ে উক্ত বিশেষ আইনে যদি কোন সুনির্দিষ্ট আদালতের নাম উল্লেখ থাকে সেক্ষেত্রে উক্ত আদালতেই উক্ত অপরাধের বিচার করতে হবে।

১৪১. সুতরাং ফৌজদারী কার্যবিধির ধারা ১, ধারা ৫(২), ধারা ২৯(১) একসাথে পাঠ করলে এবং পর্যালোচনা করলে এটা কাঁচের স্পষ্ট যে বিশেষ বিধান সম্বলিত কোন বিশেষ আইনে যদি বিশেষ কার্যবিধি বর্ণিত থাকে তবে সেই বিশেষ আইনে বর্ণিত কার্যপদ্ধতি অনুসরণ করেই তা নিষ্পন্ন হবে।

১৪২. জনগণ কখন আদালতে আসে? সাধারণত কারো কোন আইনগত অধিকার হরণ হলে সে আদালতের দারস্থ হয়। অর্থাৎ, আইনে প্রদত্ত অধিকারের ব্যত্যয় ঘটলে মানুষ আদালতে আসে। আদালতে আসলে সংশ্লিষ্ট ব্যক্তিকে আইন মোতাবেক কার্য করার নির্দেশ প্রদান করা হয়। অর্থাৎ সকলে আইন মেনে চলবে এবং একই সাথে এটা বলার অপেক্ষা রাখে না যে আদালতও আইন অনুযায়ী পরিচালিত হবে।

১৪৩. বর্তমান মোকদ্দমাটি একটি বিশেষ আইন তথা মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ সংশ্লিষ্টতায়। সেহেতু মানি লন্ডারিং অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচারসহ সকল কার্যক্রম মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-এ বর্ণিত বিধি বিধান মোতাবেক সম্পন্ন করতে হবে। মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-তে মানি লন্ডারিং সংক্রান্ত অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচারসহ সকল কার্যপদ্ধতি বর্ণিত আছে। তাই মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর আওতায় মানি লন্ডারিং অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচারের ক্ষেত্রে ফৌজদারী কার্যবিধির কোন বিধি বিধান প্রযোজ্য হবে না।

১৪৪. মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৩ এ স্পষ্টভাবে উল্লেখ রয়েছে যে

*“আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।”*

১৪৫. উপরিলিখিত ধারা-৩ এর সহজ সরল পাঠে এটা কাঁচের মত পরিষ্কার যে, অন্য সকল আইনে (ফৌজদারী কার্যবিধিসহ) যাই বলা থাকুক না কেন মানি লন্ডারিং অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার পদ্ধতি মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং The Money Laundering Prevention Rules, 2013- এ বর্ণিত বিধি বিধান মোতাবেক পরিচালিত হতে হবে। অন্য কোন বিধান এখানে প্রযোজ্য হবে না। সুতরাং মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৩ মোতাবেক এ আইনে বর্ণিত অপরাধসমূহের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান, বিচার এবং নিষ্পত্তির ক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং The Money Laundering Prevention Rules, 2013 এর বিধানাবলীই অনুসরণ করতে হবে।

১৪৬. সুতরাং এটা বলা যায় যে, মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৩ মোতাবেক আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যা কিছুই থাকুক না কেন মানি লন্ডারিং আইন এবং এর অধীন সৃষ্ট বিধির বিধানাবলীই কার্যকর হবে। অর্থাৎ মানিলন্ডারিং প্রতিরোধ আইনের আওতায় বর্ণিত অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার পদ্ধতি তথা কার্যধারা সম্পর্কে সকল আইনের উপরে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং The Money Laundering Prevention Rules, 2013 এর বিধানাবলীর প্রাধান্য দেওয়া হয়েছে। যেহেতু মানিলন্ডারিং প্রতিরোধ আইনে মানিলন্ডারিং অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত কার্যপদ্ধতি বর্ণিত আছে, সেহেতু মানিলন্ডারিং অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান ও বিচার পদ্ধতিতে ফৌজদারী কার্যবিধির ১(২) ধারা মোতাবেক ফৌজদারী কার্যবিধির বিধি বিধান প্রযোজ্য হবে না।

১৪৭. এখন আমরা দেখব মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০১২-এ মানিলন্ডারিং অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, অনুসন্ধান এবং বিচার পদ্ধতি সম্পর্কে কি বলা হয়েছে। গুরুত্বপূর্ণ বিষয় মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (সর্বশেষ সংশোধনীসহ হালনাগাদ) নিম্নে অবিকল উদ্ধৃত হলো:

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২

(২০১২ সনের ৫ নং আইন)

মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত বিদ্যমান আইন ও অধ্যাদেশ রহিতক্রমে এতদসংক্রান্ত আইন পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

১৪৮. যেহেতু মানিলন্ডারিং ও সংশ্লিষ্ট অন্যান্য অপরাধ প্রতিরোধ এবং উহাদের শাস্তির বিধানসহ আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নের উদ্দেশ্যে মানিলন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত বিদ্যমান আইন ও অধ্যাদেশ রহিতক্রমে সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

- ১।(১) এই আইন মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ নামে অভিহিত হইবে।  
(২) ইহা ৩ মাঘ, ১৪১৮ বঙ্গাব্দ/১৬ জানুয়ারি, ২০১২ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

- (ক) “অর্থ বা সম্পত্তি পাচার” অর্থ-  
(১) দেশে বিদ্যমান আইনের ব্যতায় ঘটাইয়া দেশের বাহিতে অর্থ বা সম্পত্তি প্রেরণ বা রক্ষণ; বা  
(২) দেশের বাহিরে যে অর্থ বা সম্পত্তিতে বাংলাদেশের স্বার্থ রহিয়াছে যাহা বাংলাদেশে আনয়ন যোগ্য ছিল তাহা বাংলাদেশে আনয়ন হইতে বিরত থাকা; বা  
(৩) বিদেশ হইতে প্রকৃত পাওনা দেশে আনয়ন না করা বা বিদেশে প্রকৃত দেনার অতিরিক্ত পরিশোধ করা ;  
(খ) “অর্থ মূল্য স্থানান্তরকারী” অর্থ এমন আর্থিক সেবা যেখানে সেবা প্রদানকারী একস্থানে নগদ টাকা, চেক, অন্যান্য আর্থিক ইন্সট্রুমেন্ট (ইলেকট্রনিক বা অন্যবিধ) গ্রহণ করে এবং

অন্যস্থানে সুবিধাভোগীকে নগদ টাকা বা আর্থিক ইন্সট্রুমেন্ট

বা অন্য কোনভাবে সমপরিমাণ মূল্য প্রদান করে;

(গ) “অপরাধলব্ধ আয়” অর্থ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পূর্ণ অপরাধ হইতে অর্জিত, উদ্ধৃত সম্পত্তি বা কারো আয়ত্যাধীন বা নিয়ন্ত্রণাধীন এ ধরণের সম্পত্তি;

(ঘ) “অবরুদ্ধ” অর্থ এই আইনের আওতায় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কোন সম্পত্তি অস্থায়ী ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা আদালতের নিয়ন্ত্রণে আনয়ন করা যাহা আদালত কর্তৃক বাজেয়াপ্তকরণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করা হইবে;

(ঙ) “অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization) অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২৮ এর অধীন সনদপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান;

(চ) “আর্থিক ইন্সট্রুমেন্ট” অর্থ সকল কাগজে বা ইলেকট্রনিক দলিলাদি যাহার আর্থিক মূল্য রহিয়াছে;

(ছ) “আর্থিক প্রতিষ্ঠান” অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২(খ) এ সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান;

(জ) “আদালত” অর্থ স্পেশাল জজ এর আদালত;

(ঝ) “ক্রোক” অর্থ এই আইনের আওতায় আদালত কর্তৃক কোন সম্পত্তি অস্থায়ী ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা আদালতের জিম্মায় আনয়ন করা যাহা আদালত কর্তৃক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে নিষ্পত্তি করা হইবে;

(ঞ) “গ্রাহক” অর্থ [বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] কর্তৃক সময় সময় সংজ্ঞায়িত কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ অথবা সত্তা বা সত্তাসমূহ;

(ট) “ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী” অর্থ কোন ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠান যাহা অন্য কোন আইনে সংজ্ঞায়িত করা হয় নাই এবং যে বা যাহা কোন তৃতীয় পক্ষকে নিম্নবর্ণিত যে কেনা সেবা প্রদান করিয়া থাকেঃ

(১) কোন আইনী সত্তা প্রতিষ্ঠার এজেন্ট হিসাবে দায়িত্ব পালন,

(২) কোন আইনী সত্তার পরিচালক, সচিব হিসাবে দায়িত্ব পালন বা অন্য কাহাকেও নিয়োগ করা বা অংশীদারী ব্যবসায় অংশীদার হিসাবে দায়িত্ব পালন অথবা সমপর্যায়ের অন্য কোন দায়িত্ব পালন,

(৩) কোন আইন সত্তার নিবন্ধিত এজেন্ট হিসাবে দায়িত্ব পালন,

(৪) কোন এক্সপ্রেস ট্রাস্টের ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালন বা অন্য কাহাকেও নিয়োগ করা,

(৫) নমিনী শেয়ারহোল্ডার বা অন্য কোন ব্যক্তির পরিবর্তে পরিচালক হিসাবে দায়িত্ব পালন বা অন্য কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা,

[(ঠ) “তদন্তকারী সংস্থা” অর্থ এই আইনের অন্য কোন বিধানে ভিন্নরূপ কোন কিছু না থাকিলে,-

(অ) দফা (শ) এ বর্ণিত ‘সম্পূর্ণ অপরাধ’ তদন্তের জন্য সংশ্লিষ্ট আইনে ক্ষমতাপ্রাপ্ত তদন্তকারী সংস্থা:

তবে শর্ত থাকে যে, যে সকল সম্পূর্ণ অপরাধ বাংলাদেশ পুলিশ কর্তৃক তদন্তযোগ্য তাহা বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (criminal investigation department) কর্তৃক তদন্ত করিতে হইবে;

(আ) সরকারের সহিত পরামর্শক্রমে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপ-দফা (অ) এ উল্লিখিত এক বা একাধিক তদন্তকারী সংস্থা;]

(ড) “নগদ টাকা” অর্থ কোন দেশের যথাযথ মুদ্রা হিসাবে উক্ত দেশ কর্তৃক স্বীকৃত কোন ধাতব মুদ্রা ও কাগজের মুদ্রা এবং ট্রাভেলার্স চেক, পোস্টাল নোট, মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট, বিয়ারার বন্ড, লেটার অব ক্রেডিট, বিল অব এক্সচেঞ্জ, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা প্রমিজরি নোট ও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঢ) “নিষ্পত্তি” অর্থ ক্ষয়যোগ্য, দ্রুত পচনশীল অথবা নির্দিষ্ট সময়ের পর ব্যবহার অযোগ্য সম্পত্তি বিক্রয় বা অন্য কোন আইনের অধীন ধ্বংস করিবার উপযোগী সম্পত্তি ধ্বংসকরণ বা আইনসম্মতভাবে প্রকাশ্য নিলামের মাধ্যমে হস্তান্তরও অন্তর্ভুক্ত হইবে;

(ণ) “বাজেয়াপ্ত” অর্থ ধারা ১৭ এর আওতায় কোন আদালতের আদেশের মাধ্যমে কোন সম্পত্তির স্বত্ব স্থায়ীভাবে রাষ্ট্রের অনুকূলে আনয়ন করা;

(ত) “বাংলাদেশ ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর দ্বারা স্থাপিত Bangladesh Bank;

(থ) “বীমাকারী” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ২(২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী;

(দ) “বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization)” অর্থ Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860), Voluntary Social Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961 (Ordinance No. XLVI of 1961), Foreign Donations (Voluntary Activities) Regulation Ordinance, 1978 (Ordinance No. XLVI of 1978), Foreign Contributions (Regulation) Ordinance, 1982 (Ordinance No. XXXI of 1982) এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর আওতায় অনুমোদিত বা নিবন্ধিত প্রতিষ্ঠান যাহারা-

(১) স্থানীয় উৎস হইবে তহবিল (ঋণ, অনুদান, আমানত) গ্রহণ করে বা অন্যকে প্রদান করে; এবং/অথবা

(২) যে কোন ধরনের বৈদেশিক সাহায্য বা ঋণ বা অনুদান গ্রহণ করে;

(ধ) “বৈদেশিক মুদ্রা” অর্থ Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) এর Section 2(d) তে সংজ্ঞায়িত foreign exchange;

(ন) “ব্যাংক” অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ধারা ৫(৭) এ সংজ্ঞায়িত ব্যাংক কোম্পানী এবং অন্য কোন আইন বা আইনের অধীন ব্যাংক হিসাবে প্রতিষ্ঠিত যে কোন প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(প) “মানি চেঞ্জার” অর্থ Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) এর section 3 এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত বৈদেশিক মুদ্রা লেনদেনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ফ) “মানিলভারিং” অর্থ-

(অ) নিম্নবর্ণিত উদ্দেশ্যে অপরাধের সাথে সম্পূর্ণ সম্পত্তি জ্ঞাতসারে স্থানান্তর বা রূপান্তর বা হস্তান্তর।

- (১) অপরাধলব্ধ আয়ের অবৈধ প্রকৃতি, উৎস, অবস্থান, মালিকানা ও নিয়ন্ত্রণ গোপন বা ছদ্মাবৃত্ত করা; অথবা
- (২) সম্পূর্ণ অপরাধ সংগঠনে জড়িত কোন ব্যক্তিকে আইনগত ব্যবস্থা গ্রহণ হইতে রক্ষার উদ্দেশ্যে সহায়তা করা;
- (আ) বৈধ বা অবৈধ উপায়ে অর্জিত অর্থ বা সম্পত্তি নিয়ম বহির্ভূতভাবে বিদেশে পাচার করা;
- (ই) জ্ঞাতসারে অপরাধলব্ধ আয়ের অবৈধ উৎস গোপন বা আড়াল করিবার উদ্দেশ্যে উহার হস্তান্তর, বিদেশে প্রেরণ বা বিদেশ হইতে বাংলাদেশে প্রেরণ বা আনয়ন করা;
- (ঈ) কোন আর্থিক লেনদেন এইরূপভাবে সম্পন্ন করা বা সম্পন্ন করিবার চেষ্টা করা যাহাতে এই আইনের অধীন উহা রিপোর্ট করিবার প্রয়োজন হইবে না;
- (ঐ) কোন আর্থিক লেনদেন এইরূপভাবে সম্পন্ন করা বা সম্পন্ন করিবার চেষ্টা করা যাহাতে এই আইনের অধীন উহা রিপোর্ট করিবার প্রয়োজন হইবে না;
- (উ) সম্পূর্ণ অপরাধ সংঘটনে প্ররোচিত করা বা সহায়তা করিবার অভিপ্রায়ে কোন বৈধ বা অবৈধ সম্পত্তির রূপান্তর বা স্থানান্তর বা হস্তান্তর করা;
- (ঊ) সম্পূর্ণ অপরাধ হইতে অর্জিত জানা সত্ত্বেও এই ধরণের সম্পত্তি গ্রহণ, দখলে নেওয়া বা ভোগ করা;
- (ঋ) এইরূপ কোন কার্য করা যাহার দ্বারা অপরাধলব্ধ আয়ের অবৈধ উৎস গোপন বা আড়াল করা হয়;
- (এ) উপরে বর্ণিত যে কোন অপরাধ সংঘটনে অংশগ্রহণ, সম্পূর্ণ থাকা, অপরাধ সংঘটনে ষড়যন্ত্র করা, সংঘটনের প্রচেষ্টা অথবা সহায়তা করা, প্ররোচিত করা বা পরামর্শ প্রদান করা;
- (ব) “রিপোর্ট প্রদানকারী সংস্থা” অর্থ-
- (অ) ব্যাংক;
- (আ) আর্থিক প্রতিষ্ঠান;
- (ই) বীমাকারী;
- (ঈ)মানি চেঞ্জার;
- (উ) অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান;
- (ঊ)বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান;
- (ঋ)(১) স্টক ডিলার ও স্টক ব্রেকার,
- (২) পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার,
- (৩)সিকিউরিটি কাস্টোডিয়ান,
- (৪)সম্পদ ব্যবস্থাপক
- (এ) (১) অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organizaion);
- (২) বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization);
- (৩) সমবায় সমিতি;
- (ঐ) রিয়েল এস্টেট ডেভেলপার;
- (ও) মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান;
- (ঔ) ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী ;
- (অঅ) আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট;
- (অআ) সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময়ে সময়ে, বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে ঘোষিত অন্য কোন প্রতিষ্ঠান;
- [( ভ) “ রিয়েল এস্টেট ডেভেলপার” অর্থ-
- (অ) রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন) এর ধারা ২(১৫) এ সংজ্ঞায়িত যে কোন রিয়েল এস্টেট ডেভেলপার বা উহার কর্মকর্তা বা কর্মচারী; অথবা
- (আ)রিয়েল এস্টেট এজেন্ট যাহারা জমি, আবাসিক বা বাণিজ্যিক ভবন এবং ফ্ল্যাট ইত্যাদি নির্মাণ ও ক্রয়-বিক্রয়ের সহিত জড়িত;]
- (ম) “সত্তা” অর্থ কোন আইনী প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্যিক বা অবাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমবায়, সমবায় সমিতিসহ এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত যে কোন সংগঠন;
- (য) “ সন্দেহজনক লেনদেন” অর্থ এইরূপ লেনদেন-
- (১) যাহা স্বাভাবিক লেনদেনের ধরণ হইতে ভিন্ন;
- (২) যেই লেনদেন সম্পর্কে এইরূপ ধারণা হয় যে,
- (ক) ইহা কোন অপরাধ হইতে অর্জিত সম্পদ,
- (খ) ইহা কোন সন্ত্রাসী কার্যে, কোন সন্ত্রাসী সংগঠনকে বা কোন সন্ত্রাসীকে অর্থায়ন;



(৩) যাহা এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময়ে সময়ে, জারীকৃত নির্দেশনায় বর্ণিত অন্য কোন লেনদেন বা লেনদেনের প্রচেষ্টা;

(৪) “সমবায় সমিতি” অর্থ সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ এর ৪৭ নং আইন) এর ধারা ২(২০) এ সংজ্ঞায়িত প্রতিষ্ঠান যাহা আমানত গ্রহণ বা ঋণ প্রদান কাজে নিয়োজিত;

(ল) “সম্পত্তি” অর্থ দেশে বা দেশের বাহিরে অবস্থিত-

(অ) যে কোন প্রকৃতির, দৃশ্যমান, অদৃশ্যমান, স্থাবর বা অস্থাবর সম্পত্তি; বা

(আ) নগদ টাকা, ইলেকট্রনিক বা ডিজিটালসহ অন্য যে কোন প্রকৃতির দলিল বা ইন্সট্রুমেন্ট যাহা কোন সম্পত্তির মালিকানা স্বত্ব বা মালিকানা স্বত্বে কোন স্বার্থ নির্দেশ করে;

(শ) “সম্পৃক্ত অপরাধ (Predicate offence)” অর্থ নিম্নে উল্লিখিত অপরাধ, যাহা দেশে বা দেশের বাহিরে সংঘটনের মাধ্যমে অর্জিত কোন অর্থ বা সম্পদ লভ্যরিং করা বা করিবার চেষ্টা করা, যথাঃ-

(১) দুর্নীতি ও ঘুষ;

(২) মুদ্রা জালকরণ;

(৩) দলিল দস্তাবেজ জালকরণ;

(৪) চাঁদাবাজি;

(৫) প্রতারণা;

(৬) জালিয়াতি;

(৭) অবৈধ অস্ত্রের ব্যবসা;

(৮) অবৈধ মাদক ও নেশা জাতীয় দ্রব্যের ব্যবসা;

(৯) চোরাই ও অন্যান্য দ্রব্যের অবৈধ ব্যবসা;

(১০) অপহরণ, অবৈধভাবে আটকাইয়া রাখা ও পণবন্দী করা;

(১১) খুন, মারাত্মক শারীরিক ক্ষতি;

(১২) নারী ও শিশু পাচার;

(১৩) চোরাকারবার;

(১৪) দেশী ও বিদেশী মুদ্রা পাচার;

(১৫) চুরি বা ডাকাতি বা দস্যুতা বা জলদস্যুতা বা বিমান দস্যুতা;

[(১৬) মানব পাচার বা কোন ব্যক্তিকে বৈদেশিক কর্মসংস্থানের মিথ্যা আশ্বাস প্রদান করিয়া কোন অর্থ বা মূল্যবান দ্রব্য গ্রহণ করা বা করিবার চেষ্টা;]

(১৭) যৌতুক;

(১৮) চোরাচালানী ও শুদ্ধ সংক্রান্ত অপরাধ;

(১৯) কর সংক্রান্ত অপরাধ;

(২০) মেধাস্বত্ব লংঘন;

(২১) সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান;

(২২) ভেজাল বা স্বত্ব লংঘন করে পণ্য উৎপাদন;

(২৩) পরিবেশগত অপরাধ;

(২৪) যৌন নিপীড়ন (Sexual Exploitation);

(২৫) পুঁজি বাজার সম্পর্কিত মূল্য সংবেদনশীল তথ্য জনসম্মুখে প্রকাশিত হওয়ার পূর্বে তাহার কাজে লাগাইয়া শেয়ার লেনদেনের মাধ্যমে বাজার সুবিধা গ্রহণ ও ব্যক্তিগত বা প্রাতিষ্ঠানিক সুবিধার লক্ষ্যে বাজার নিয়ন্ত্রণের চেষ্টা করা (Insider Trading & Market Manipulation);

(২৬) সংঘবদ্ধ অপরাধ (Organised Crime) বা সংঘবদ্ধ অপরাধী দলে অংশগ্রহণ

(২৭) ভীতি প্রদর্শনের মাধ্যমে অর্থ আদায়; এবং

(২৮) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে [বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] কর্তৃক সরকারের অনুমোদনক্রমে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষিত অন্য যে কোন সম্পৃক্ত অপরাধ;

(ঘ) “স্পেশাল জজ” অর্থ Criminal Law (Amendment) Act, 1958(Act No. XL of 1958) এর Section 3 এর অধীন নিযুক্ত Special Judge;

(স) (১) “স্টক ডিলার ও স্টক ব্রোকার” অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর যথাক্রমে বিধি ২(ঝ) ও ২(ঞ) এ সংজ্ঞায়িত প্রতিষ্ঠান;

(২) “পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার” অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর যথাক্রমে বিধি ২(চ) ও ২(ঞ) এ সংজ্ঞায়িত প্রতিষ্ঠান;

(৩) “সিকিউরিটি কাস্টডিয়ান” অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এর বিধি ২(এ৩) এ সংজ্ঞায়িত প্রতিষ্ঠান;

(৪) “সম্পদ ব্যবস্থাপক” অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ২(খ) এ সংজ্ঞায়িত প্রতিষ্ঠান;

(হ) “হাইকোর্ট বিভাগ” অর্থ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ।

**আইনের প্রাধান্য**

৩। ৬[\*\*\*\*] আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।

**মানিলভারিং**

**অপরাধ ও দন্ড**

৪। (১) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, মানিলভারিং একটি অপরাধ বলিয়া গণ্য হইবে।

(২) কোন ব্যক্তি মানিলভারিং অপরাধ করিলে বা মানিলভারিং অপরাধ সংঘটনের চেষ্টা, সহায়তা বা ষড়যন্ত্র করিলে তিনি অনূন ৪(চার) বৎসর এবং অনধিক ১২(বার) বৎসর পর্যন্ত কারাদন্ডে দন্ডিত হইবেন এবং ইহার অতিরিক্ত অপরাধের সাথে সংশ্লিষ্ট সম্পত্তির দ্বিগুন মূল্যের সমপরিমাণ বা ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত, যাহা অধিক, অর্থদন্ডে দন্ডিত হইবেন ৭। তবে শর্ত থাকে যে, আদালত কর্তৃক ধার্যকৃত সময়সীমার মধ্যে অর্থদন্ড পরিশোধে ব্যর্থ হইলে আদালত অপরিশোধিত অর্থদন্ডের পরিমাণ বিবেচনায় অতিরিক্ত কারাদন্ডে দন্ডিত করিবার আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) আদালত কোন অর্থদন্ড বা দন্ডের অতিরিক্ত হিসাবে দন্ডিত ব্যক্তির সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবে যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মানিলভারিং বা কোন সম্পৃক্ত অপরাধের সাথে সম্পৃক্ত বা সংশ্লিষ্ট।

৮। (৪) কোন সত্তা এই আইনের অধীন কোন অপরাধ সংঘটন করিলে বা অপরাধ সংঘটনের চেষ্টা, সহায়তা বা ষড়যন্ত্র করিলে ধারা ২৭ এর বিধান সাপেক্ষে, উপ-ধারা (২) এর বিধান অনুসারে ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং অপরাধের সহিত সংশ্লিষ্ট সম্পত্তির মূল্যের অনূন দ্বিগুন অথবা ২০(বিশ) লক্ষ টাকা, যাহা অধিক হয়, অর্থদন্ড প্রদান করা যাইবে এবং উক্ত প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিলযোগ্য হইবে;

তবে শর্ত থাকে যে, উক্ত সত্তা আদালত কর্তৃক ধার্যকৃত সময়সীমার মধ্যে অর্থদন্ড পরিশোধে ব্যর্থ হইলে আদালত অপরিশোধিত অর্থদন্ডের পরিমাণ বিবেচনায় সত্তার মালিক, চেয়ারম্যান বা পরিচালক যে নামেই অভিহিত করা হউক না কেন, তাহার বিরুদ্ধে কারাদন্ডে দন্ডিত করিবার আদেশ প্রদান করিতে পারিবে। ]

(৫) সম্পৃক্ত অপরাধে অভিযুক্ত বা দন্ডিত হওয়া মানিলভারিং এর কারণে অভিযুক্ত বা দন্ড প্রদানের পূর্বশর্ত হইবে না।

**অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ**

**লংঘনের দন্ড**

৫। কোন ব্যক্তি এই আইনের অধীন কোন অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ লংঘন করিলে তিনি অনধিক ৩ (তিন) বৎসর পর্যন্ত কারাদন্ড বা অবরুদ্ধকৃত বা ফ্রোক আদেশকৃত সম্পত্তির মূল্যের সমপরিমাণ অর্থ দন্ড বা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

**তথ্য প্রকাশের দন্ড**

৬। (১) কোন ব্যক্তি অসৎ উদ্দেশ্যে তদন্ত সম্পর্কিত কোন তথ্য বা প্রাসংগিক অন্য কোন তথ্য কোন ব্যক্তি, সংস্থা বা সংবাদ মাধ্যমে প্রকাশ করিবেন না।

(২) এই আইনের অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা এজেন্ট কর্তৃক চাকুরীরত বা নিয়োগরত থাকা অবস্থায় কিংবা চাকুরী বা নিয়োগজনিত চুক্তি অবসায়নের পর তৎকর্তৃক সংগৃহীত, প্রাপ্ত, আহরিত, জ্ঞাত কোন তথ্য এই আইনের উদ্দেশ্যে পূরণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার বা প্রকাশ করা হইতে বিরত থাকিবেন।

(৩) কোন ব্যক্তি উপ-ধারা (১) ও (২) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ২(দুই) বৎসর পর্যন্ত কারাদন্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয়

দন্ডে দণ্ডিত হইবেন।

তদন্তে বাধা বা

অসহযোগিতা,

প্রতিবেদন প্রেরণে

ব্যর্থতা বা তথ্য

সরবরাহে বাধা

প্রেরণে বা তথ্য সরবরাহে অস্বীকৃতি জ্ঞাপন করিলে; তিনি

৭। (১) কোন ব্যক্তি এই আইনের অধীন-

(ক) কোন তদন্ত কার্যক্রমে তদন্তকারী কর্মকর্তাকে বাধা প্রদান

করিলে বা সহযোগিতা প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করিলে; বা

(খ) যুক্তিসংগত কারণ ব্যতিরেকে যাচিত কোন প্রতিবেদন দেওয়ার দন্ড

এই আইনের অধীন অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।

(২) কোন ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন অপরাধে দোষী সাব্যস্ত হইলে তিনি অনধিক ১ (এক) বৎসর পর্যন্ত কারাদন্ড বা অনূর্ধ্ব ২৫ (পঁচিশ) হাজার টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয় দন্ডে দণ্ডিত হইবেন।

মিথ্যা তথ্য প্রদানের দন্ড

৮। (১) কোন ব্যক্তি জ্ঞাতসারে অর্থের উৎস বা নিজ

পরিচিতি বা হিসাব ধারকের পরিচিতি সম্পর্কে বা কোন

হিসাবের সুবিধাভোগী বা নমিনী সম্পর্কে কোনরূপ মিথ্যা

তথ্য প্রদান করিবেন না।

(২) কোন ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে

তিনি অনধিক ৩ (তিন) বৎসর পর্যন্ত কারাদন্ড বা অনূর্ধ্ব

৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত অর্থদন্ড বা উভয় দন্ডে

দণ্ডিত হইবেন।

অপরাধের তদন্ত ও বিচার

[৯।(১) আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা

কিছুই থাকুক না

কেন, এই আইনের অধীন অপরাধসমূহ ধারা

২(ঠ) তে উল্লিখিত

তদন্তকারী সংস্থার কর্মকর্তা

বা এতদুদ্দেশ্যে সরকারের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক একাধিক তদন্তকারী সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত যৌথ তদন্তকারী দল, তদন্ত করিবে।

(২) আপাতত বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই

থাকুক না কেন, এই আইনের অধীন অপরাধসমূহ

Criminal Law (Amendment) Act, 1958

(Act XL of 1958) এর Section 3 এর অধীন

নিযুক্ত স্পেশাল জজ কর্তৃক বিচার্য হইবে।

(৩) অভিযুক্ত ব্যক্তি বা সত্তার সম্পত্তি অনুসন্ধান ও

সনাক্তকরণের লক্ষ্যে তদন্ত কর্মকর্তা কর্তৃক এই

আইনের পাশাপাশি অন্যান্য আইনে এতদুদ্দেশ্যে

প্রদত্ত ক্ষমতাও প্রয়োগ করিতে পারিবে।

(৪) তদন্তকারী সংস্থা এই আইনের অধীন সংঘটিত

অপরাধ অনুসন্ধান বা তদন্ত কার্যক্রম পরিচালনার

বিষয়টি বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স

ইউনিটকে অবহিত করিবে।]

স্পেশাল জজ এর

বিশেষ এখতিয়ার

১০। (১) স্পেশাল জজ এই আইনের অধীন অপরাধের

জন্য নির্ধারিত দন্ড আরোপ এবং ক্ষেত্রমত,

অধিকতর তদন্ত, সম্পত্তি অবরুদ্ধকরণ, ফ্রোক,

বাজেয়াগুরুত্ব আদেশসহ আবশ্যিক অন্য কোন

আদেশ প্রদান করিতে পারিবেন।

(২) স্পেশাল জজ এই আইনের অধীন দায়েরকৃত

কোন মামলায় অধিকতর তদন্তের আদেশ প্রদান

করিলে উক্তরূপ আদেশে তদন্তকারী কর্মকর্তাকে তদন্ত

প্রতিবেদন দাখিলের জন্য একটি সময়সীমা নির্দিষ্ট

করিয়া দিবেন, যাহা ৬(ছয়) মাসের অধিক হইবে না।

অপরাধের

আমলযোগ্যতা, অ-আপোষযোগ্যতা

অ-জামিনযোগ্যতা

১১। এই আইনের অধীন অপরাধসমূহ আমলযোগ্য

(Cognizable), অ-আপোষযোগ্য (Non-

compoundable) এবং অ-জামিনযোগ্য

(Non-bailable) হইবে।

১০ [কর্তৃপক্ষের]  
অনুমোদনের  
অপরিহার্যতা

১২। (১) ফৌজদারি কার্যবিধি বা আপাততঃ বলবৎ অন্যকোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, ১১[ সরকার কর্তৃক বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের] অনুমোদন ব্যতিরেকে কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারার্থ আমলে গ্রহণ (Cognizance) করিবেন না।  
(২) এই আইনের অধীন কোন অপরাধের তদন্ত সমাপ্ত হইবার পর তদন্তকারী কর্মকর্তা আদালতে প্রতিবেদন দাখিল করিবার পূর্বে ১২[ উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত কর্তৃপক্ষের] পূর্বানুমোদন গ্রহণ করিবেন এবং ১৩ [কর্তৃপক্ষ] কর্তৃক প্রদত্ত অনুমোদন পত্রের একটি কপি প্রতিবেদনের সহিত আদালতে দাখিল করিবেন।

জামিন সংক্রান্ত  
বিধান

১৩। এই আইনের অধীন অভিযুক্ত কোন ব্যক্তিকে জামিনে মুক্তি দেওয়া যাইবে, যদি-  
(ক) তাহাকে জামিনে মুক্তি দেওয়ার আবেদনের উপর অভিযোগকারী পক্ষকে শুনানীর সুযোগ দেওয়া হয়; এবং

(খ) তাহার বিরুদ্ধে আনীত অভিযোগে তিনি দোষী সাব্যস্ত হওয়ার যুক্তিসংগত কারণ রহিয়াছে মর্মে আদালত সন্তুষ্ট না হন; অথবা

(গ) তিনি নারী, শিশু বা শারীরিকভাবে বিকলাঙ্গ এবং তাহাকে জামিনে মুক্তি দেওয়ার কারণে ন্যায় বিচার বিঘ্নিত হইবে না মর্মে আদালত সন্তুষ্ট হন।

সম্পত্তির

অবরুদ্ধকরণ

(Freezing) বা

ফ্রোক (Attachment)

আদেশ

পারিবে;

১৪। ১৪[ (১) তদন্তকারী সংস্থার লিখিত আবেদনের ভিত্তিতে আদালত বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে অবস্থিত মানিলভারিং অপরাধের সহিত

সম্পৃক্ত সম্পত্তি বা অপরাধলব্ধ আয় বা সম্পত্তি অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রদান করিতে

তবে শর্ত থাকে যে, মানিলভারিং অপরাধের সহিত সম্পৃক্ত সম্পত্তি, অপরাধলব্ধ আয়, অর্থ বা সম্পত্তি চিহ্নিত করা সম্ভব না হইলে অভিযুক্ত ব্যক্তি বা সত্তার অন্য অর্থ বা সম্পত্তি হইতে সমমূল্যের অর্থ বা সম্পত্তি অবরুদ্ধ বা ফ্রোক করা যাইবে।]

(২) উপ-ধারা (১) এর অধীন ১৫ [ তদন্তকারী কোন সংস্থা কর্তৃক] কোন সম্পত্তির অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশের জন্য আদালতে লিখিত আবেদন দাখিলের সময় উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করিবে, যথাঃ-

(ক) অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশের নিমিত্ত সম্পত্তির পূর্ণ বিবরণ;

(খ) সম্পত্তিটি মানিলভারিং বা অন্য কোন অপরাধের জন্য ফ্রোকযোগ্য এর সপক্ষে যুক্তি ও প্রাথমিক প্রমাণাদি;

(গ) প্রার্থিত আবেদন মোতাবেক আদালত কর্তৃক আদেশ প্রদান করা না হইলে অভিযোগ নিষ্পত্তির পূর্বে



সম্পত্তি অন্যত্র হস্তান্তর বা বেহাত হইবার আশংকা।

(৩) উপ-ধারা (১) এর অধীন কোন অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রদান করা হইলে আদালত সম্পত্তির পূর্ণ বিবরণসহ বিষয়টি সর্বসাধারণের অবগতির জন্য সরকারি গেজেটে এবং অন্যান্য ২(দুই)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় [১(এক)টি বাংলা ও ১(এক)টি ইংরেজী] বিজ্ঞপ্তি আকারে প্রচার করিবে।

(৪) এই ধারার অধীন অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশে অভিযুক্ত ব্যক্তির নাম, পিতা, মাতার নাম, স্বামী বা স্ত্রীর নাম, জাতীয়তা, পদবী (যদি থাকে), পেশা, ট্যাক্স পরিচিতি নম্বর (TIN), বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং অন্য কোন পরিচিতি, যতদূর সম্ভব, উল্লেখ থাকিবে; তবে, এই সকল তথ্যের সামান্য ত্রুটি-বিচ্যুতির কারণে এই আইনের বিধান কার্যকর করা বাধাগ্রস্ত হইবে না।

(৫) উপ-ধারা (৬) এর বিধান সাপেক্ষে, এই ধারার অধীন কোন ব্যক্তির সম্পত্তি অবরুদ্ধকরণ বা ফ্রোকের জন্য

১৪৯. আদালত আদেশ প্রদান করিলে আদেশ কার্যকর থাকাকালীন, আদালত কর্তৃক ভিন্নরূপ কোন আদেশ প্রদান করা না হইলে, উক্ত সম্পত্তি কোনভাবে বা প্রকারে অন্যত্র হস্তান্তর, উক্ত সম্পত্তি সংশ্লিষ্ট কোন প্রকার লেনদেন বা উক্ত সম্পত্তিকে কোনভাবে দায়যুক্ত করা যাইবে না।

(৬) কোন ব্যক্তির ব্যাংক একাউন্ট অবরুদ্ধকরণ আদেশ কার্যকর থাকা অবস্থায় উক্ত আদেশে ভিন্নরূপ উল্লেখ না থাকিলে, উক্ত ব্যক্তি প্রাপ্য হইয়াছে এইরূপ সমুদয় অর্থ তাহার অবরুদ্ধ ব্যাংক একাউন্টে জমা করা যাইবে।

১৫। (১) ধারা ১৪ এর অধীন আদালত কোন সম্পত্তি অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রদান করিলে, অভিযুক্ত ব্যক্তি বা সত্তা ব্যতীত অন্য কোন ব্যক্তি বা সত্তার উক্ত সম্পত্তিতে কোন স্বার্থ থাকিলে তিনি বা উক্ত সত্তা উহা ফেরত পাইবার জন্য অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রচারের তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে আদালতে আবেদন করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন ব্যক্তি বা সত্তা আদালতে আবেদন করিলে আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করিতে হইবে, যথাঃ-

(ক) মানিলভারিং বা কোন সম্পৃক্ত অপরাধের সহিত উক্ত সম্পত্তির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন সংশ্লিষ্টতা নাই;

(খ) আবেদনকারী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অভিযুক্ত মানিলভারিং বা অন্য কোন সম্পৃক্ত অপরাধের সাথে সম্পৃক্ত নন;

(গ) আবেদনকারী অভিযুক্তের নমিনী নন বা অভিযুক্তের পক্ষে কোন দায়িত্ব পালন করিতেছেন না;

(ঘ) অবরুদ্ধকরণ বা ফ্রোককৃত সম্পত্তিতে অভিযুক্ত ব্যক্তি বা সত্তার কোন স্বত্ব, স্বার্থ বা মালিকানা নাই; এবং

(ঙ) অবরুদ্ধকরণ বা ফ্রোককৃত সম্পত্তিতে আবেদনকারীর স্বত্ব, স্বার্থ ও মালিকানা রহিয়াছে।

(৩) ধারা ১৪ এর উপ-ধারা (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীন সম্পত্তি ফেরত পাইবার জন্য আদালত কোন আবেদনপ্রাপ্ত হইলে আবেদনকারী, তদন্তকারী সংস্থা ও অভিযুক্ত ব্যক্তি বা সত্তাকে শুনানীর সুযোগ প্রদান করিবেন এবং

অবরুদ্ধকৃত বা  
ফ্রোককৃত সম্পত্তি  
ফেরত প্রদান

শুনানী অত্তে, প্রয়োজনীয় কাগজাদি পর্যালোচনাক্রমে ও রাষ্ট্র কর্তৃক বর্ণিত সম্পত্তিতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মানিলভারিং বা সম্পৃক্ত অপরাধের সাথে সম্পৃক্ততার গ্রহণযোগ্য সন্দেহের কোন কারণ উপস্থাপন না করিলে, উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত আবেদনকারীর আবেদন সম্পর্কে আদালত সন্তুষ্ট হইলে অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ বাতিলক্রমে সম্পত্তিটি,

আদেশে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে, আবেদনকারীর অনুকূলে হস্তান্তরের আদেশ প্রদান করিবেন।

সম্পত্তির

১৬। (১) এই আইনের অধীন আদালত কোন সম্পত্তির

অবরুদ্ধকরণ বা

অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রদান করিলে উক্তরূপ

ফ্রোক আদেশের

আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ ব্যক্তি বা সত্তা ৩০(ত্রিশ) দিনের মধ্যে

বিরুদ্ধে আপীল

হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আপীল দায়ের করা হইলে

আপীল আদালত পক্ষবৃন্দকে, শুনানীর জন্য যুক্তিসঙ্গত সময়

দিয়া, শুনানী অত্তে যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ

আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) ধারা ১৪ এর অধীন কোন সম্পত্তির বিষয়ে আদালত কর্তৃক

প্রদত্ত অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশের বিরুদ্ধে কোন সংক্ষুদ্ধ

ব্যক্তি বা সত্তা আপীল করিলে এবং আপীল আদালত কর্তৃক

ভিন্নরূপ কোন আদেশ প্রদান করা না হইলে আপীল নিষ্পত্তি না

হওয়া পর্যন্ত উক্তরূপ অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ কার্যকর

থাকিবে।

সম্পত্তির

১৭। (১) এই আইনের অধীন কোন ব্যক্তি বা সত্তা

মানিলভারিং অপরাধে দোষী সাব্যস্ত হইলে

আদালত অপরাধের সহিত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে

সম্পৃক্ত দেশে বা দেশের বাহিরে অবস্থিত যে কোন

সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান

করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন এই আইনের

অধীন মানিলভারিং অপরাধের সাথে সংশ্লিষ্ট কোন অনুসন্ধান

ও তদন্ত বা বিচার কার্যক্রম চলাকালীন সংশ্লিষ্ট আদালত

প্রয়োজনবোধে দেশে বা দেশের বাহিরে অবস্থিত যে কোন

সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান

করিতে পারিবে।

(৩) এই আইনের অধীন মানিলভারিং অপরাধের জন্য দোষী

সাব্যস্ত কোন ব্যক্তি পলাতক থাকিলে বা অভিযোগ দাখিলের

পর মৃত্যুবরণ করিলে আদালত উক্ত ব্যক্তির অপরাধের সহিত

সম্পৃক্ত সম্পত্তিও রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করিবার আদেশ

প্রদান করিতে পারিবে।

ব্যাখ্যা.- যথাযথ কার্য ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও প্রেফতারী

পরোয়ানা জারীর তারিখ হইতে ৬(ছয়) মাসের মধ্যে যদি

অভিযুক্ত ব্যক্তি আদালতে আত্মসমর্পণ করিতে ব্যর্থ হয় বা উক্ত

সময়ের মধ্যে তাহাকে প্রেফতার করা না যায় তাহা হইলে উক্ত

ব্যক্তি এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে পলাতক বলিয়া গণ্য

হইবেন।

(৪) এই ধারার অধীন আদালত কর্তৃক কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদানের পূর্বে কিংবা মামলা বা অভিযোগ দায়ের করিবার পূর্বে যদি কোন ব্যক্তি বা সত্তা সরল বিশ্বাসে এবং উপযুক্ত মূল্য প্রদান সাপেক্ষে বাজেয়াপ্তের জন্য আবেদনকৃত সম্পত্তি ক্রয় করিয়া থাকেন এবং আদালতকে তিনি বা উক্ত সত্তা এই মর্মে সন্তুষ্ট করিতে সক্ষম হন যে, তিনি বা উক্ত সত্তা উক্ত সম্পত্তিটি মানিলভারিং এর সহিত সম্পৃক্ত বলিয়া জ্ঞাত ছিলেন না এবং তিনি বা উক্ত সত্তা সরল বিশ্বাসে সম্পত্তিটি ক্রয় করিয়াছিলেন, তাহা হইলে আদালত উক্ত সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান না করিয়া উহার বিক্রয়লব্ধ অর্থ রাষ্ট্রীয় কোষাগারে, আদালত কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে, জমা দেওয়ার জন্য দোষী সাব্যস্ত ব্যক্তি বা সত্তাকে নির্দেশ দিতে পারিবে।

(৫) আদালত যদি মানিলভারিং বা সম্পূর্ণ অপরাধের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সংশ্লিষ্ট সম্পত্তির অবস্থান নির্ধারণ বা বাজেয়াপ্ত করিতে না পারেন বা সম্পত্তি অন্য কোনভাবে ব্যবহারের ফলে অস্তিত্ব বিলুপ্ত হয়, তাহা হইলে-

(ক) অপরাধের সাথে সম্পূর্ণ নয় অভিযুক্ত নয় অভিযুক্ত ব্যক্তির এমন সমমূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবে;

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যে পরিমাণ সম্পত্তি আদায় করা যাইবে না তাহার সমপরিমাণ আর্থিক দণ্ড প্রদান করিতে পারিবে।

(৬) এই ধারার অধীন কোন সম্পত্তি বাজেয়াপ্ত করা হইলে বাজেয়াপ্ত আদেশের নোটিশ আদালত কর্তৃক যে ব্যক্তি বা সত্তার নিয়ন্ত্রণে সম্পত্তিটি রহিয়াছে সেই ব্যক্তি বা সত্তার সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পাঠাইতে হইবে এবং সম্পত্তির তফসিলসহ সকল বিবরণ উল্লেখক্রমে সরকারি গেজেটে এবং অন্যান্য ২ (দুই) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় [ ১(এক)টি বাংলা ও ১(এক)টি ইংরেজী ] ইংরেজী বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে।

(৭) এই ধারার অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্ত সম্পত্তির মালিকানা রাষ্ট্রের উপর ন্যস্ত হইবে এবং বাজেয়াপ্ত করিবার তারিখে সম্পত্তিটি যাহার জিম্মায় বা মালিকানায় থাকিবে তিনি বা সংশ্লিষ্ট সত্তা যথাশীঘ্র সম্ভব, উক্ত সম্পত্তির দখল রাষ্ট্রের বরাবরে হস্তান্তর করিবেন।

(৮) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অপরাধ লব্ধ সম্পত্তি যদি বৈধ উপায়ে অর্জিত অর্থ বা সম্পত্তির সহিত সংমিশ্রিত করা হইয়া থাকে তাহা হইলে উক্ত সম্পত্তিতে আদালত কর্তৃক নির্ধারিত অপরাধ লব্ধ অর্থ বা সম্পত্তির মূল্যের উপর অথবা অপরাধ লব্ধ বা সম্পত্তির মূল্য নির্ধারণ করা সম্ভব না হইলে অর্জনের উপায় নির্বিশেষ সংমিশ্রিত সম্পূর্ণ অর্থ বা সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত আদেশ প্রদান করা যাইবে।

**বাজেয়াপ্তকৃত**

**সম্পত্তি ফেরত প্রদান**

১৮। (১) ধারা ১৭ এর অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্ত সম্পত্তিতে দোষী ব্যক্তি বা সত্তা ব্যতীত অন্য কোন ব্যক্তি বা সত্তার কোন স্বত্ব, স্বার্থ বা অধিকার থাকিলে তিনি বা উক্ত সত্তা উহা ফেরত পাইবার জন্য বাজেয়াপ্তকরণের বিজ্ঞপ্তি পত্রিকায় সর্বশেষ প্রচারের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আদালতে আবেদন করিতে

পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আবেদনপ্রাপ্ত হইলে আদালত মামলা দায়েরকারী, দোষী ব্যক্তি বা সত্তা এবং আবেদনকারীকে, শুনানীর জন্য যুক্তিসঙ্গত সময় দিয়া, শুনানী অস্ত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিয়া প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবে, যথাঃ-

(ক) অপরাধ সংঘটনের সহিত আবেদনকারী বা বাজেয়াপ্তকৃত সম্পত্তির বা সম্পত্তির কোন অংশের কোন সংশ্লেষ ছিল কি না;

(খ) বাজেয়াপ্ত সম্পত্তি অর্জনে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে কি না;

(গ) অপরাধ সংঘটনের সময়কাল এবং বাজেয়াপ্তকৃত সম্পত্তি আবেদনকারীর মালিকানায় আসিয়াছে এইরূপ দাবিকৃত সময়কাল; এবং

(ঘ) আদালতের নিকট প্রাসঙ্গিক বিবেচিত অন্য যে কোন তথ্য।

**বাজেয়াপ্তকরণ**

**আদেশের বিরুদ্ধে**

**আপীল**

১৯। (১) এই আইনের অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্র পক্ষ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন আপীল দায়ের করা হইলে আপীল আদালত উভয় পক্ষকে, শুনানীর যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া, শুনানী অস্ত্রে যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে।

**বাজেয়াপ্তকৃত**

**সম্পত্তির নিষ্পত্তিকরণ**

**প্রক্রিয়া**

প্রকাশ্য নিলামে বা বাণিজ্যিকভাবে লাভজনক অন্য কোন আইনসম্মত উপায়ে বিক্রয় বা অন্য কোনভাবে নিষ্পত্তি করিতে পারিবে।

২০। (১) এই আইনের অধীন কোন সম্পত্তি বাজেয়াপ্ত হইলে সরকার, আদালতের অনুমতি সাপেক্ষে, যেই সম্পত্তি অন্য কোন আইনের অধীন ধ্বংস করিতে হইবে সেই সম্পত্তি ব্যতীত অন্যান্য সম্পত্তি,

(২) উপ-ধারা (১) এর অধীন সম্পত্তি বিক্রয় বা অন্য কোন আইনগত উপায়ে নিষ্পত্তির মাধ্যমে প্রাপ্ত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা হইবে।

অবরুদ্ধকৃত, ফ্রোককৃত বা  
বাজেয়াণ্ডকৃত সম্পত্তি  
রক্ষণাবেক্ষণের জন্য  
ব্যবস্থাপনা বা  
তত্ত্বাবধায়ক নিয়োগ

২১। এই আইনের অধীন কোন সম্পত্তি অবরুদ্ধ, ফ্রোক বা বাজেয়াণ্ড করা হইলে, তদন্তকারী সংস্থা বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে উক্তরূপ সম্পত্তির সম্পূর্ণ বা আংশিক নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, তদারকি বা অন্য কোনভাবে নিষ্পত্তির জন্য, আদালত, স্বীয় বিবেচনায়, যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ শর্তে কোন আইন প্রয়োগকারী সংস্থাকে উক্ত সম্পত্তির ব্যবস্থাপক বা তত্ত্বাবধায়ক নিয়োগ করিতে পারিবে।

আপীল

২২। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, আদালত কর্তৃক এই আইনের অধীন প্রদত্ত কোন আদেশ, রায়, ডিক্রি বা আরোপিত দণ্ড দ্বারা সংক্ষুদ্ধ পক্ষ, উক্তরূপ আদেশ, রায়, ডিক্রি বা দণ্ডাদেশ প্রদানের তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবে।

মানিলভারিং

২৩। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ১৭[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের ] নিয়ন্ত্রণ ক্ষমতা ও দায়িত্ব থাকিবে, যথাঃ-

অপরাধ দমন ও প্রতিরোধে  
১৬। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল (ক) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা হইতে প্রাপ্ত নগদ লেনদেন ও  
ইন্টেলিজেন্স ইউনিটের]  
ক্ষমতা ও দায়িত্ব

সন্দেহজনক লেনদেন সম্পর্কিত তথ্যাদি ১৮[ ও অন্য কোন মাধ্যমে প্রাপ্ত তথ্যাদি] বিশ্লেষণ বা পর্যালোচনা ও বিশ্লেষণ বা

পর্যালোচনার উদ্দেশ্যে ১৯[ প্রয়োজনীয়] অতিরিক্ত যে কোন তথ্য রিপোর্ট প্রদানকারী সংস্থা হইতে সংগ্রহ এবং উহার ২০[ তথ্য-উপাত্ত] সংরক্ষণ করা এবং ক্ষেত্রমত, সংশ্লিষ্ট ২১ [ তদন্তকারী সংস্থা বা] আইন প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের ২২[ (খ) অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, রিপোর্ট প্রদানকারী সংস্থা হইতে প্রয়োজনীয় তথ্য বা প্রতিবেদন সংগ্রহ করা;]

(গ) কোন অপরাধে সংঘটনের মাধ্যমে কোন অর্থ বা সম্পত্তি কোন হিসাবে জমা হইয়াছে ২৩[ বা কোন হিসাবের অর্থ কোন অপরাধ সংঘটনে ব্যবহৃত হইয়াছে বা হইতে পারে ] মর্মে সন্দেহ করিবার যুক্তিসংগত কারণ থাকিলে কোন রিপোর্ট প্রদানকারী সংস্থাকে অনধিক ৩০(ত্রিশ) দিনের জন্য উক্ত হিসাবের লেনদেন স্থগিত বা অবরুদ্ধ রাখিবার নির্দেশ প্রদান করাঃ

তবে শর্ত থাকে যে, উক্ত হিসাবের লেনদেন সম্পর্কিত সঠিক তথ্য উৎস্রাটনের প্রয়োজন দেখা দিলে লেনদেন ২৪[ স্থগিত বা অবরুদ্ধ রাখিবার জন্য উক্ত রিপোর্ট প্রদানকারী সংস্থাকে ৩০(ত্রিশ) দিন করিয়া সর্বোচ্চ ৭(সাত) বার নির্দেশ প্রদান করা যাইবে ];

(ঘ) মানিলভারিং প্রতিরোধ করিবার উদ্দেশ্যে রিপোর্ট প্রদানকারী সংস্থাকে, সময় সময়, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

২৫ [ (ঙ) প্রয়োজনে রিপোর্ট প্রদানকারী সংস্থা সরেজমিন পরিদর্শন করা;]

(চ) এই আইনের সুষ্ঠু প্রয়োগ নিশ্চিত করিবার উদ্দেশ্যে রিপোর্ট প্রদানকারী সংস্থাসহ ২৬[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের] বিবেচনায় যে কোন সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থাসহ সভা, সেমিনার, ইত্যাদির আয়োজন করা;

(ছ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ২৭ [ রিপোর্ট প্রদানকারী সংস্থার কার্যক্রম তদারকিসহ] প্রয়োজনীয় অন্য যে কোন কার্য সম্পাদন করা।

(২) মানিলভারিং বা সন্দেহজনক লেনদেন তদন্তে তদন্তকারী সংস্থা কোন তথ্য সরবরাহের অনুরোধ করিলে, প্রচলিত আইনের আওতায় বা যদি অন্য কারণে বাধ্যবাধকতা না থাকে, তাহা হইলে ২৮ [ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত তথ্য প্রদান করিবে।

(৩) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা এই ধারার অধীন কোন যাচিৎ তথ্য যথাসময়ে সরবরাহ করিতে ব্যর্থ হইলে ২৯[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত সংস্থাকে প্রতিদিন ১০(দশ) হাজার টাকা হিসাবে সর্বোচ্চ ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে এবং কোন সংস্থা ১(এক) অর্থ বৎসরে ৩(তিন) বারের অধিক জরিমানার সম্মুখীন হইলে ৩০[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সার্ভিস সেন্টার, বুথ বা এজেন্টের বাংলাদেশে কার্যক্রম পরিচালনা রহিত করিবার উদ্দেশ্যে নিবন্ধন বা লাইসেন্স স্থগিত করিতে পারিবে বা ক্ষেত্রমত, নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিষয়টি অবহিত করিবে।



(৪) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা এই ধারার অধীন যাচিত বিষয়ে কোন ভুল বা মিথ্যা তথ্য বা বিবরণী সরবরাহ করিলে ৩১[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত সংস্থাকে অন্যান্য ২০(বিশ) হাজার টাকা ও সর্বোচ্চ ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে এবং কোন সংস্থা ১(এক) অর্থ বৎসরে ৩(তিন) বারের অধিক জরিমানার সম্মুখীন হইলে ৩২[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সার্ভিস সেন্টার, বুথ বা এজেন্টের বাংলাদেশে কার্যক্রম পরিচালনা রহিত করিবার উদ্দেশ্যে নিবন্ধন বা লাইসেন্স স্থগিত করিতে পারিবে বা ক্ষেত্রমত, নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিষয়টি অবহিত করিবে।

(৫) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা ৩৩[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] কর্তৃক এই আইনের আওতায় জারীকৃত কোন নির্দেশনা পরিপালনে ব্যর্থ হইলে ৩৪[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত সংস্থাকে প্রতিদিন ১০(দশ) হাজার টাকা হিসাবে সর্বোচ্চ ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত প্রতিটি অপরিপালনীয় বিষয়ের জন্য জরিমানা করিতে পারিবে এবং কোন সংস্থা ১(এক) অর্থ বৎসরে ৩(তিন) বারের অধিক জরিমানার সম্মুখীন হইলে ৩৫ [ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সার্ভিস সেন্টার, বুথ বা এজেন্টের বাংলাদেশে কার্যক্রম পরিচালনা রহিত করিবার উদ্দেশ্যে নিবন্ধন বা লাইসেন্স স্থগিত করিতে পারিবে বা ক্ষেত্রমত, নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিষয়টি অবহিত করিবে।

(৬) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর দফা (গ) এর আওতায় ৩৬ [ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] কর্তৃক নির্দেশিত কোন অবরুদ্ধ বা স্থগিত আদেশ পরিপালনে ব্যর্থ হইলে ৩৭ [ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] উক্ত রিপোর্ট প্রদানকারী সংস্থাকে অন্যান্য উক্ত ব্যাংক হিসাবে স্থিতির সমপরিমাণ জরিমানা করিতে পারিবে যাহা নির্দেশনা জারীর তারিখে হিসাবে স্থিতির দ্বিগুনের অধিক হইবে না।

(৭) এই আইনের ধারা ২৩ ও ২৫ অনুযায়ী ৩৮ [ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] কর্তৃক আরোপিত জরিমানা কোন ব্যক্তি বা সত্তা বা রিপোর্ট প্রদানকারী সংস্থা প্রদানে ব্যর্থ হইলে ৩৯ [ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] বাংলাদেশ ব্যাংক-কে অবহিত করিবে এবং বাংলাদেশ ব্যাংক] সংশ্লিষ্ট ব্যক্তি বা সত্তা বা রিপোর্ট প্রদানকারী সংস্থার নিজ নামে যে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা বাংলাদেশ ব্যাংককে পরিচালিত হিসাব বিলনপূর্বক আদায় করিতে পারিবে এবং এক্ষেত্রে জরিমানার কোন অংশ অনাদায়ী থাকিলে তাহা আদায়ে প্রয়োজনে ৪০ [ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] আদালতে আবেদন করিতে পারিবে এবং আদালত যেইরূপ উপযুক্ত বিবেচনা করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪১ [ (৭ক) এই আইনে বর্ণিত অপরাধের অনুসন্ধান ও তদন্তে কোন তদন্তকারী সংস্থা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকের হিসাব সংক্রান্ত দলিল ও তথ্যাদি উপযুক্ত আদালতের আদেশক্রমে অথবা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের মাধ্যমে সংগ্রহ করিতে পারিবে। ]

(৮) উপ-ধারা (৩), (৪), (৫) ও (৬) অনুযায়ী কোন রিপোর্ট প্রদানকারী সংস্থাকে জরিমানা করা হইলে এই জন্য দায়ী উক্ত সংস্থার মালিক, পরিচালক, কর্মকর্তা-কর্মচারী বা চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তিগণের বিরুদ্ধে ৪২[ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট] অন্যান্য ১০(দশ) হাজার টাকা ও সর্বোচ্চ ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট সংস্থাকে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করিতে পারিবে।

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ২৪। ৪৩ [(১) এই আইনে প্রদত্ত ক্ষমতা ও কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের

ইন্টেলিজেন্স ইউনিট( BFIU) লক্ষ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

প্রতিষ্ঠা (Bangladesh Financial Intelligence Unit) নামে একটি

পৃথক কেন্দ্রীয় সংস্থা থাকিবে, যাহার-

(ক) একটি পৃথক সীল মোহার ও লেটার হেড প্যাড থাকিবে;

(খ) একটি স্বতন্ত্র কার্যালয় বাংলাদেশ ব্যাংককে অবস্থিত হইবে;

(গ) কার্যাবলী সম্পাদনের জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় অফিসস্থান, লোকবল, তহবিল, প্রশাসনিক সুবিধাসহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি সরবরাহ করিবে;

(ঘ) বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর পদমর্যদার একজন সার্বক্ষণিক প্রধান কর্মকর্তা থাকিবে, যিনি বাংলাদেশ ব্যাংকের গভর্নর এর নেতৃত্বে গঠিত বাছাই

কমিটির সুপারিশ অনুযায়ী নির্ধারিত শর্তে সরকার কর্তৃক চুক্তিভিত্তিক বা

অন্যবিধভাবে নিয়োগপ্রাপ্ত হইবেন;

(ঙ) প্রধান কর্মকর্তা যাবতীয় প্রশাসনিক বিষয়ে গভর্নর, বাংলাদেশ ব্যাংক-এর পূর্বানুমোদন গ্রহণ করিবেন;

(চ) প্রধান কর্মকর্তা মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা, নীতি প্রণয়ন এবং বাস্তবায়নের লক্ষ্যে সরকারের সহিত পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন;



(ছ) প্রধান কর্মকর্তার চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক উহাতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী পদায়ন করিতে পারিবে এবং প্রয়োজন অনুযায়ী তিনি সরকার বা আইন প্রয়োগকারী সংস্থা হইতে প্রেষণে বা অন্যবিধভাবে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের জন্য সরকারকে অনুরোধ করিতে পারিবে; এবং

(জ) প্রধান কর্মকর্তার চাহিদার প্রেক্ষিতে উহাতে চুক্তিভিত্তিক পরামর্শক নিয়োগ করা যাইবে।]

(২) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থাসমূহ বা অন্য কোন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থা তদকর্তৃক সংরক্ষিত বা সংগৃহীত তথ্যাদি বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে স্বপ্রণোদিতভাবে বা অনুরোধের সূত্রে সরবরাহ করিবে।

৪৪ [(৩) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থাৎ সংক্রান্ত তথ্যাদি অনুরোধের প্রেক্ষিতে বা প্রয়োজন মোতাবেক স্ব-উদ্যোগে সরকারি অন্য কোন সংস্থাকে সরবরাহ করিতে পারিবে।

(৪) এই আইনের বিধান অনুযায়ী অন্য কোন দেশের সহিত সম্পাদিত কোন চুক্তি বা ব্যবস্থার অধীন সংশ্লিষ্ট দেশের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে মানি লভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থাৎ সংক্রান্ত তথ্যাদি অনুরোধের প্রেক্ষিতে বা প্রয়োজন মোতাবেক স্ব-উদ্যোগে সরকারি অন্য কোন সংস্থাকে সরবরাহ করিবে এবং অন্য কোন দেশের নিকট হইতে অনুরূপ তথ্য চাহিতে পারিবে।

(৫) উপ-ধারা (৪) এ বর্ণিত চুক্তি বা ব্যবস্থা ছাড়াও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট ক্ষেত্রমত, স্বপ্রণোদিতভাবে অন্য দেশের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে তথ্য সরবরাহ করিতে পারিবে।

মানিলভারিং ২৫। (১) মানিলভারিং অপরাধ প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণ ৪৫

অপরাধ প্রতিরোধে

[দায়-দায়িত্বসহ বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য দায়-দায়িত্ব] থাকিবে, যথাঃ-

রিপোর্ট প্রদানকারী

(ক) উহার গ্রাহকের হিসাব পরিচালনাকালে গ্রাহকের পরিচিতির সঠিক ও

সংস্থার দায়-দায়িত্ব

পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করা;

(খ) কোন গ্রাহকের হিসাব বন্ধ হইলে বন্ধ হইবার তারিখ হইতে অন্যান্য ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত উক্ত ৪৬ [হিসাব ও] হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা;

(গ) দফা (ক) ও (খ) এর অধীন সংরক্ষিত তথ্যাদি [বাংলাদেশ

ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের] চাহিদা মোতাবেক, সময় সময়, সরবরাহ করা;

(ঘ) ধারা ২ (ঘ) এ সংজ্ঞায়িত কোন সন্দেহজনক লেনদেন বা লেনদেনের

প্রচেষ্টা পরিলক্ষিত হইলে স্ব-উদ্যোগে অবিলম্বে ৪৮[বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে] 'সন্দেহজনক লেনদেন রিপোর্ট' করা।

(২) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর বিধান লংঘন করিলে ৪৯ [বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট বা রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ]-

(ক) উক্ত সংস্থাকে অন্যান্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে; এবং

(খ) দফা (ক) এর অধীন আরোপিত জরিমানার অতিরিক্ত উক্ত সংস্থা বা

সংস্থার কোন শাখা, সার্ভিস সেন্টার, বুথ বা এজেন্টের ব্যবসায়িক কার্যক্রমের অনুমতি বা লাইসেন্স বাতিল করিতে পারিবে বা ক্ষেত্রমত, নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বিষয়টি অবহিত করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন আরোপিত জরিমানার অর্থ ৫০ [\*\*\*] রাষ্ট্রীয় কোষাগারে জমা করিবে।

৫১ [(৪) রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাহাদের বিদ্যমান

তদারকি কার্যক্রমের অংশ হিসেবে উপ-ধারা (১) ও বিধি দ্বারা নির্ধারিত দায়-দায়িত্ব পরিপালন নিশ্চিত করিবে এবং উপ-ধারা (১) ও বিধি দ্বারা নির্ধারিত দায়-দায়িত্ব পরিপালনে রিপোর্ট প্রদানকারী সংস্থার ব্যর্থতার দায় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের উপরও বর্তাইবে।

(৫) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর বিধানসহ বিধি দ্বারা নির্ধারিত কোন বিধান লংঘন করিলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উপ-ধারা (২) মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং এইরূপে গৃহীত ব্যবস্থা

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে অবিলম্বে অবহিত

করিতে হইবে।

(৬) রিপোর্ট প্রদানকারী সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তাহাদের তদারকি

কার্যক্রম বা অন্য কোনভাবে এই আইনের অধীন সংঘটিত কোন অপরাধ

সম্পর্কে অবহিত হইলে বা চিহ্নিত করিলে অবিলম্বে তাহা বাংলাদেশ

ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটকে অবহিত করিবে।

বিদেশী রাষ্ট্রের  
সহিত চুক্তি

২৬। (১) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে সরকার দ্বি-পাক্ষিক বা বহু  
পাক্ষিক চুক্তি, কনভেনশন বা আন্তর্জাতিক আইনে স্বীকৃত অন্য  
কোনভাবে কোন বিদেশী রাষ্ট্রের সহিত চুক্তি করিতে পারিবে।  
(২) এই ধারার অধীন সরকার কোন বিদেশী রাষ্ট্রের সহিত চুক্তিবদ্ধ হইলে  
মানিলভারিং অপরাধ প্রতিরোধে সরকার-

(ক) উক্ত বিদেশী রাষ্ট্র বা সংস্থার নিকট প্রয়োজনীয় তথ্যাদি চাহিতে পারিবে;  
এবং

(খ) উক্ত বিদেশী রাষ্ট্র এবং সংস্থা কর্তৃক যাচিত তথ্যাদি, জাতীয় নিরাপত্তার  
প্রতি হুমকি না হইলে, সরবরাহ করিবে।

(৩) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল  
ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) বিদেশী ফাইন্যান্সিয়াল

ইন্টেলিজেন্স ইউনিট অথবা অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করিতে পারিবে এবং স্বাক্ষরিত  
সমঝোতা স্মারকের আওতায়

বিএফআইইউ- (ক) উক্ত বিদেশী ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট  
বা সংস্থার নিকট প্রয়োজনীয় তথ্যাদি চাহিতে পারিবে; এবং

(খ) উক্ত বিদেশী ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এবং সংস্থা কর্তৃক  
যাচিত তথ্যাদি, জাতীয় নিরাপত্তার প্রতি হুমকি না হইলে, সরবরাহ করিবে।

(৪) এই আইনের উদ্দেশ্যে পূরণকল্পে, কোন চুক্তির অধীন কোন বিদেশী  
রাষ্ট্রের আদালতের কোন আদেশ কার্যকর করিবার জন্য বাংলাদেশে অবস্থিত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার বা ফেরত  
দেওয়ার প্রয়োজন হইলে এটর্নী জেনারেলের অফিসের আবেদনক্রমে আদালত যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ  
প্রদান করিতে পারিবে; একইভাবে বাংলাদেশে আদালতের বাজেয়াপ্তকরণ আদেশ বা উক্ত সম্পত্তি ফেরত আনয়নের আদেশ  
বাস্তবায়নের জন্য চুক্তি বা সমঝোতা স্মারকের অধীনস্থ রাষ্ট্রকে এটর্নী জেনারেলের অফিস অনুরোধ করিতে পারিবে।

(৫) অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন এই আইনের উদ্দেশ্যে  
পূরণকল্পে পারস্পরিক আইনগত সহযোগিতার আওতায় কোন বিদেশী  
রাষ্ট্রের উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে প্রাপ্ত দলিলাদি সংশ্লিষ্ট বিচারিক  
আদালতে সাক্ষ্য হিসাবে গ্রহণীয় হইবে।

সত্তা কর্তৃক অপরাধ  
সংঘটন

২৭। এই আইনের অধীন কোন অপরাধ কোন সত্তা কর্তৃক সংঘটিত হইয়া  
থাকিলে উক্তরূপ অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে সত্তার

এইরূপ প্রত্যেক মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন  
কর্মকর্ত বা কর্মচারী বা প্রতিনিধি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া  
গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে সক্ষম হন যে, উক্ত অপরাধ  
তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার  
জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা- এই ধারায় “ পরিচালক ” বলিতে সত্তার কোন অংশীদার বা  
পরিচালনা বোর্ড, যে নামে অভিহিত হউক, এর সদস্যকেও বুঝাইবে।

সরল বিশ্বাসে  
কৃতকার্য রক্ষণ

২৮। এই আইনের বা বিধির অধীনে সরল বিশ্বাসে কৃত কোন কাজের  
ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভবনা থাকিলে,  
সেইজন্য সরকার বা সরকারের কোন কর্মকর্তা-কর্মচারী বা ৫২  
[বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট বা ইহার] কোন  
কর্মকর্তা-কর্মচারী বা ৫৩ [ তদন্তকারী সংস্থা বা ইহার] কোন কর্মকর্তা-  
কর্মচারী বা কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা বা উহার পরিচালনা পর্ষদ বা  
উহার কোন কর্মকর্তা- কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী বা  
প্রশাসনিক বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের করা যাইবে না।

বিধি প্রণয়নের  
ক্ষমতা

২৯। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্যে  
পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

আইনের ইংরেজী

৩০। (১) এই আইনের প্রবর্তনের পর সরকার, যথাশীঘ্র সম্ভব, সরকারি



অনুবাদ প্রকাশ	গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনে বাংলা পাঠের ইংরেজীতে অনুদিন একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।
রহিতকরণ ও হেফাজত	(২) বাংলা পাঠ এবং ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে। ৩১। (১) মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ (২০০৯ সনের ৮নং আইন) ও মানিলন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০১২ (২০১২ সনের ২ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত আইন ও অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল। (২) উক্তরূপ রহিত হওয়া সত্ত্বেও উক্ত আইন ও অধ্যাদেশের অধীন গৃহীত কোন কার্যক্রম, দায়েরকৃত কোন মামলা বা গৃহীত কোন কার্যধারা অনিস্পন্ন থাকিলে উহা এইরূপে নিস্পন্ন হইবে যেন উহা এই আইনের অধীন দায়েরকৃত বা গৃহীত হইয়াছে। (৩) উক্তরূপ রহিত হওয়া সত্ত্বেও Foreign Exchange Regulation Act, 1947 (Act. No. VII of 1947) এবং উক্ত আইন ও অধ্যাদেশের আওতাধীন কোন অপরাধ সংগঠিত হইলে বা তদন্তাধীন বা বিচারাধীন থাকিলে উক্ত অপরাধসমূহ এই আইনের বিধান অনুযায়ী এইরূপে নিস্পন্ন হইবে যেন উহা এই আইনের অধীন দায়েরকৃত বা গৃহীত হইয়াছে।

১৫০. উক্ত আইনের বিধানের পাশাপাশি গুরুত্বপূর্ণ বিধায় The Money Laundering Prevention Rules, 2013 এর Part-III নিম্নে অবিকল উদ্ধৃত হলোঃ

### Part-III

#### Investigation and others

6. According to the provision of section 9 of the Act, Anti Corruption Commission (ACC) has the authority to delegate the investigation power to another investigation authority. Delegation of investigation authority shall be as follows:

(a) while conducting initial analysis or inquiry, ACC shall ascertain whether any freezing or suspension order needed or if an existing freeze or suspension order shall have to be extended and identify the predicate offence related with the money laundering case;

(b) ACC shall request BFIU through Form-1 annexed in the schedule of the rules for suspension of transaction or freezing of accounts related with the case, maintained with the reporting organization, within 15 days of receiving the case from BFIU or at least 7 (seven) days before the expiration of existing freeze or suspension order issued by BFIU.

(c) money laundering cases shall be investigated according to predicate offence, i.e. the law enforcement authority that is authorized for investigation the specific predicate offence shall also investigate the related money laundering case;

(d) in the case of those predicate offences investigated by Bangladesh Police according to the provisions of existing laws, the related money laundering case shall be investigated by the Criminal Investigation Department (CID) of Bangladesh Police;

(e) a law enforcement authority may conduct a parallel investigation of a predicate offence and the related money laundering case;

(f) considering the types of predicate offence the ACC shall authorize the investigating officer of ACC or another law enforcement authority to investigate the related money laundering case;

(g) while authorizing the investigation responsibility to another investigating authority ACC shall also approve the authority for submission of the investigation report before the court for cognizance;

**(h) the authorized investigation authority shall follow its own procedures for investigating and as the case may be, to file the case before court;**



(i) the authorized investigation authority, if it is other than ACC, shall also submit the report to the ACC, for information, before filing the case in the court;

(j) the court shall not take the money laundering case in its cognizance without the authorization and approval letter from ACC and the approval letter of the investigation authority if it is placed by other than ACC; and

(k) investigating authority shall maintain up-to-date information with its Primary Contact Point about the status of money laundering and terrorist financing cases; and provide periodic feedback to the BFIU if the case is related with BFIU.

১৫১. মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ একটি বিশেষ আইন। উক্ত আইনের ধারা ২ এর উপধারা ফ-এ মানিল্ডারিং বলতে যেসব বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে তার বর্ণনা প্রদান করা হয়েছে। ধারা ৪ উপধারা ১ মোতাবেক মানিল্ডারিং একটি অপরাধ। ধারা ৪ উপধারা ২-এ মানিল্ডারিং অপরাধের দস্ত সম্পর্কে বলা আছে এবং ধারা ১১ মোতাবেক মানিল্ডারিং অপরাধ আমলযোগ্য, অ-আপোষযোগ্য এবং অ-জামিনযোগ্য।

১৫২. মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৯ মোতাবেক মানিল্ডারিং প্রতিরোধ আইনের অধীনে সংঘটিত অপরাধসমূহ ধারা ২ (ঠ) অনুযায়ী ২(শ)-এ বর্ণিত সম্পূর্ণ অপরাধ তদন্তের জন্য সংশ্লিষ্ট আইনে ক্ষমতাপ্রাপ্ত তদন্তকারী সংস্থা কর্তৃক তদন্ত করা হবে। তবে যে সকল সম্পূর্ণ অপরাধ বাংলাদেশ পুলিশ কর্তৃক তদন্তযোগ্য তা বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগ কর্তৃক তদন্ত করতে হবে। এছাড়া সরকারের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত উপদফা ২(ঠ)(অ)-এ উল্লিখিত এক বা একাধিক তদন্তকারী সংস্থা তদন্ত করতে আইনগত হকদার। অর্থাৎ ধারা ৯-এ বর্ণিত তদন্তকারী সংস্থা ব্যতীত অন্যকোন সংস্থা বা ব্যক্তি মানিল্ডারিং অপরাধের তদন্ত করতে সক্ষম নন।

১৫৩. মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং The Money Laundering Prevention Rules, 2013 একত্রে সম্পূর্ণ পাঠে এটা স্পষ্ট যে, মানিল্ডারিং অপরাধের মোকদ্দমা শুধুমাত্র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তদন্ত এবং দায়ের করতে পারবেন। অর্থাৎ যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা আইন সভা বা কোম্পানী বা কার্য এর বিরুদ্ধে মানিল্ডারিং অপরাধের অভিযোগ এর বিষয়ে প্রথমে মানিল্ডারিং প্রতিরোধ আইনের ধারা ৯ এর অধীন তদন্ত কর্মকর্তা তদন্ত করবেন। তদন্ত কর্মকর্তা যদি সন্তুষ্ট হন কেবলমাত্র সেক্ষেত্রে তিনি আদালতে মামলা দায়ের করবেন।

১৫৪. The Money Laundering Prevention Rules, 2013 এর ধারা 6(h) এ বলা হয়েছে যে, দায়িত্ব প্রাপ্ত তদন্ত কর্মকর্তা মানিল্ডারিং অপরাধের তদন্তের ক্ষেত্রে নিজস্ব কার্যপদ্ধতি অনুসরণ করবেন এবং ক্ষেত্রমতে আদালতে মোকদ্দমা দায়ের করবেন। The Money Laundering Prevention Rules, 2013 এর ধারা 6(h) মোতাবেক এটা কাঁচের মত স্পষ্ট যে, মানিল্ডারিং অপরাধের তদন্ত শুধুমাত্র দায়িত্বপ্রাপ্ত তদন্ত কর্মকর্তা করবেন। তেমনি মানিল্ডারিং অপরাধের বিষয়ে মানিল্ডারিং মোকদ্দমাসমূহ শুধুমাত্র মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৯ মোতাবেক সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট আদালতে দায়ের করবেন। অর্থাৎ দায়িত্বপ্রাপ্ত তদন্ত কর্মকর্তা ভিন্ন অন্য কেউ মানিল্ডারিং মামলা দায়ের করতে পারবে না। মানিল্ডারিং অপরাধের তদন্তের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত হয়ে দায়িত্বপ্রাপ্ত তদন্তকারী কর্মকর্তা নিজ কর্মপদ্ধতির মাধ্যমে মানিল্ডারিং অপরাধের অনুসন্ধান ও তদন্ত করবেন।

১৫৫. এখন আমরা দেখব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তদন্তান্তে যদি মানিল্ডারিং অপরাধের কোন প্রাথমিক সত্যতা তথা মানিল্ডারিং অপরাধ সংঘটন হওয়ার বিষয় যদি উদঘাটন করেন সেক্ষেত্রে তদন্তকারী কর্মকর্তা কোথায় মামলা দায়ের করবে?

156. The Money Laundering Prevention Rules, 2013 এর ধারা 6(h) মোতাবেক তদন্তকারী কর্মকর্তা তদন্তে মানিল্ডারিং অপরাধ সংঘটনের বিষয় প্রাথমিক প্রমাণ পেলে তথা প্রাথমিক সত্যতা পেলে Court বা ‘আদালতে’ মোকদ্দমা দায়ের করবেন।

১৫৭. এখন আমরা দেখব মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ মোতাবেক ‘Court’ বা আদালত বলতে কাকে বোঝানো হয়েছে।

#### আদালত

১৫৮. মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ২ দফা (জ) মোতাবেক “আদালত” অর্থ স্পেশাল জজ এর আদালত। সুতরাং এটা কাঁচের মত স্পষ্ট যে, মানিল্ডারিং প্রতিরোধ আইনে আদালত বলতে একটি মাত্র আদালতকে সুনির্দিষ্টভাবে বলা

হয়েছে এবং তা হল ‘স্পেশাল জজ’ এর আদালত। আবার মানিল্ডারিং প্রতিরোধ আইনের ধারা ২ এর দফা (ঘ) মোতাবেক “স্পেশাল জজ” অর্থ Criminal Law (Amendment) Act, 1958 (Act No. XL of 1958) এর ধারা ৩ এর অধীন নিযুক্ত ‘স্পেশাল জজ’।

১৫৯. এক্ষেত্রে Criminal Law (Amendment) Act, 1958 (Act No. XL of 1958 এর ধারা ৩ এর বিধান প্রণিধানযোগ্য যা নিম্নরূপঃ

**“3. Appointment of Special Judges-**

(1) The [Government] shall, by notification in the official Gazette, appoint as many Special Judges as may be-necessary to try and punish offences specified in the schedule.

(2) No person shall be appointed a Special Judge unless he is or has been a Sessions Judge or an Additional Sessions Judge or an Assistant Sessions Judge.

Criminal Law (Amendment) Act, 1958 এর “Schedule” নিম্নরূপঃ

“(a) Offences punishable under দুর্নীতি দমন কমিশন আইন,

২০০৪;

(aa) Offences punishable under মানিল্ডারিং প্রতিরোধ আইন,

২০০২;

(a) Offences punishable under the Prevention of Corruption Act, 1947;

(b) Offences punishable under sections 161-169, 217,218,408 and 477A of the Penal Code, 1860;

(c) Abetment described in section 109 including other abetments, conspiracies described in 120B, and attempts described in section 511, of the Penal Code, 1860 related to or connected with the offences mentioned in clause (a) to (c) above.”

১৬০. সুতরাং মানিল্ডারিং প্রতিরোধ আইনের ধারা ২ দফা (জ) (ঘ) এবং Criminal Law (Amendment) Act, 1958 (Act No. XL of 1958) এর ধারা ৩ এবং এর তফসিল একত্রে পাঠে এটা দিবালোকের মত স্পষ্ট যে, মানিল্ডারিং প্রতিরোধ আইন মোতাবেক ‘আদালত’ বলতে Criminal Law (Amendment) Act, 1958 এর ধারা ৩ উপধারা (১) মোতাবেক সরকার কর্তৃক Criminal Law (Amendment) Act, 1958 এর তফসিলভুক্ত অপরাধ বিচারের নিমিত্তে অফিসিয়াল গেজেটে প্রজ্ঞাপন জারীর মাধ্যমে নিয়োগকৃত ‘স্পেশাল জজ’ কে বুঝানো হয়েছে।

১৬১. সুতরাং তদন্তে যদি মানিল্ডারিং অপরাধ সংঘটনের বিষয় উদঘাটিত হয় সেক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত তদন্তকারী কর্মকর্তা আদালতে তথা Criminal Law (Amendment) Act, 1958 এর ধারা ৩(১) এর বিধানমতে নিয়োগকৃত ‘স্পেশাল জজ’ আদালতে মোকদ্দমা দায়ের করবেন। মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর বিধানমতে Criminal Law (Amendment) Act, 1958 এর ধারা ৩(১) এর বিধানমতে নিয়োগকৃত ‘স্পেশাল জজ’ ভিন্ন অন্য কোন আদালতে মানিল্ডারিং মোকদ্দমা দায়ের করা যায় না।

১৬২. মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং The Money Laundering Prevention Rules, 2013 মোতাবেক মানিল্ডারিং মোকদ্দমা একমাত্র দায়িত্বপ্রাপ্ত তদন্ত কর্মকর্তা অনুসন্ধান ও তদন্ত করবেন এবং তিনি মানিল্ডারিং অপরাধ সংঘটনের উপাদান পেলে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন নিয়ে আদালতে তথা Criminal Law (Amendment) Act, 1958 এর ধারা ৩(১) এর বিধানমতে নিয়োগকৃত ‘স্পেশাল জজ’ এর আদালতে মোকদ্দমা দায়ের করবেন।

163. মানিল্ডারিং মোকদ্দমা থানায় দায়ের করা যায় না। মানিল্ডারিং আইনের কোথাও থানায় অভিযোগ দায়ের এর বিষয়ে কিছু বলা হয় নাই। এমনকি মানিল্ডারিং মোকদ্দমা কোন ম্যাজিস্ট্রেট আদালতেও দাখিল করা যায় না। কারণ মানিল্ডারিং আইনে আদালত বলতে শুধুমাত্র Criminal Law (Amendment) Act, 1958 এর ধারা ৩ এর আওতায় স্পেশাল জজ-কে বোঝানো হয়েছে। সুতরাং এটা কাঁচের মত পরিষ্কার যে, মানিল্ডারিং অপরাধের মোকদ্দমাসমূহ শুধুমাত্র Criminal Law (Amendment) Act, 1958 এর ধারা ৩(১) এর বিধানমতে নিয়োগকৃত ‘স্পেশাল জজের’ আদালতেই দায়ের করতে হবে, অন্য কোথাও নয়।

১৬৪. মানিল্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ১২ এবং The Money Laundering Prevention Rules, 2013 এর বিধি 6(j) এর বিধানমতে সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে মানিল্ডারিং সংক্রান্ত কোন

মামলা কোন আদালত গ্রহণ করবেন না। অর্থাৎ আদালত তথা ‘স্পেশাল জজ’ কর্তৃক মামলা গ্রহণ না করা পর্যন্ত কোন মানি লন্ডারিং মামলার যাত্রা শুরু হবে না।

১৬৫. তদন্তকারী কর্মকর্তা কর্তৃক কোন মানি লন্ডারিং অপরাধ এর বিষয়ে তদন্ত সমাপ্ত হলে যদি মানি লন্ডারিং অপরাধের বিষয় উদঘাটিত হয় তাহলে সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে ‘স্পেশাল জজ’ আদালতে মোকদ্দমা দায়ের করবেন। স্পেশাল জজ শুধুমাত্র উক্ত প্রক্রিয়াতেই মামলা গ্রহণ করবেন।

১৬৬. মামলা গ্রহণ এবং মামলা বিচারার্থে গ্রহণ দুটি ভিন্ন বিষয়। মামলা আদালত কর্তৃক রেজিস্ট্রিভুক্ত করাকে মামলা গ্রহণ বলা হয়। অপরদিকে মামলাটি সংশ্লিষ্টতায় অভিযোগ, প্রতিবেদন, অনুমোদন এবং সকল নথিপত্র গুজানুপুঞ্জ পর্যালোচনা করে মামলাটি বিচারযোগ্য কি না তা আদালত যদি গ্রহণ করেন তবে উক্ত গ্রহণ কে আদালত কর্তৃক মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ বলা হবে।

১৬৭. মানি লন্ডারিং প্রতিরোধ আইনের ধারা ১২(২) এবং The Money Laundering Prevention Rules, 2013 এর 6 (h) (i) একত্র পর্যালোচনায় এটা কাঁচের মত স্পষ্ট যে তদন্তকারী কর্মকর্তা ধারা ১২ উপধারা ১ এর অধীন নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করে এবং কর্তৃপক্ষের অনুমোদনপত্রসহ আদালতে তথা ‘স্পেশাল জজ’ আদালতে মামলা দায়ের করবেন এবং আদালত মামলাটি গ্রহণ করে রেজিস্ট্রিভুক্ত করবেন।

১৬৮. বিজ্ঞ স্পেশাল জজ অতঃপর মোকদ্দমাটি বিচারার্থে আমলে গ্রহণ করবেন কিনা সে বিষয়ে দিন ধার্য করবেন।

১৬৯. বিচারার্থে আমলে গ্রহণ করার বিষয়ে ধার্য তারিখে বিজ্ঞ ‘স্পেশাল জজ’ দায়িত্বপ্রাপ্ত তদন্তকারী কর্মকর্তার মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১২(২) ধারা মোতাবেক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং ১২(১) ধারা মোতাবেক সরকার কর্তৃক বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের অনুমতিপত্র পর্যালোচনাতে যদি মনে করেন যে মোকদ্দমাটি মানি লন্ডারিং এর অপরাধ হিসেবে গণ্য করার যথেষ্ট কারণ আছে সেক্ষেত্রে ‘স্পেশাল জজ’ আদালত মোকদ্দমাটি বিচারার্থে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ১২(১) ধারা মোতাবেক আমলে গ্রহণ করবেন।

১৭০. বর্তমান মোকদ্দমায় দায়িত্বপ্রাপ্ত তদন্তকারী কর্মকর্তা আইনের ব্যত্যয় ঘটিয়ে তথা আইন বর্হিতভাবে ঢাকার ২৫ নং বিজ্ঞ মহানগর হাকিম এর আদালতে অত্র মোকদ্দমাটি দায়ের করেছেন। মানি লন্ডারিং প্রতিরোধ আইন এর বিধান সঠিকভাবে অনুধাবন করতে ব্যর্থ হয়ে ঢাকার ২৫ নং বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তথা মহানগর হাকিম মামলাটি গ্রহণ করে রেজিস্ট্রিভুক্ত করেছেন। বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের উচিত ছিল আইনের সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে তদন্তকারী কর্মকর্তার ভুল শুধরে দেয়া এবং তদন্তকারী কর্মকর্তাকে আইন মোতাবেক সরাসরি ‘স্পেশাল জজ’ এর আদালতে মোকদ্দমাটি দায়েরের নির্দেশ দেওয়া অথবা বিন্দুমাত্র কালক্ষেপন না করে মামলাটি সঠিক আদালতে তথা মানি লন্ডারিং প্রতিরোধ আইনে বর্ণিত ‘স্পেশাল জজ’ আদালতে পাঠিয়ে দেওয়া। বিজ্ঞ ম্যাজিস্ট্রেট এমন কোন পদক্ষেপ না নিয়ে আইনের বিধান মারাত্মকভাবে লঙ্ঘন করেছেন।

১৭১. যে মামলাটি গ্রহণ করার এখতিয়ারই ম্যাজিস্ট্রেট এর নেই, সে মামলাটির সংশ্লিষ্টতায় অপর কোন আদেশ, নির্দেশ তথা জামিন এবং রিমান্ড এর আদেশ দেওয়ার ক্ষমতাও ঢাকার ২৫ নং বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এর নেই এবং উক্তরূপ কার্যক্রম সম্পূর্ণরূপে তার এখতিয়ার বর্হিত।

১৭২. অতএব, আদেশ হয় যে, অত্র রুলটি বিনা খরচায় চূড়ান্ত করা হলো।

১৭৩. ঢাকার ২৫ নং বিজ্ঞ বিচারিক হাকিম আদালত কর্তৃক বিগত ইংরেজী ২৫.০১.২০১৮ তারিখে মামলাটি গ্রহণ, আসামীদের জামিন এবং রিমান্ড আদেশ প্রদান এতদ্বারা বাতিল করা হলো।

১৭৪. অতিসত্তর অত্র মানি লন্ডারিং মোকদ্দমাটি বিজ্ঞ ‘স্পেশাল জজ’ আদালতে পাঠানোর নিমিত্তে ঢাকার ২৫ নং আদালতকে নির্দেশ প্রদান করা গেল। অত্র মানি লন্ডারিং মোকদ্দমাটি বিজ্ঞ ‘স্পেশাল জজ’ কর্তৃক গ্রহণ এবং নতুন নাম্বারে রেজিস্ট্রিভুক্ত হওয়ার দিন থেকে এর কার্যক্রম শুরু হবে।

১৭৫. মানি লন্ডারিং প্রতিরোধ আইনের অধীনে সংঘটিত অপরাধ তদন্তে দায়িত্বপ্রাপ্ত সকল তদন্তকারী কর্মকর্তাকে মানি লন্ডারিং অপরাধসমূহ কিভাবে তদন্ত এবং অনুসন্ধান করতে হবে এবং কিভাবে কোন আদালতে উক্ত মামলা দায়ের করতে হবে সে সম্পর্কে দ্রুত প্রশিক্ষণ দেওয়ার জন্য দুর্নীতি দমন কমিশনকে নির্দেশ প্রদান করা হল।